
www.facebook.com/purbottar

Bengali fortnightly newspaper

www.purbottar.in



পৃষ্ঠা–৬

এবার ছোট পর্দায় আসতে চলেছেন এই জনপ্রিয় তারকা

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

RNI No. 71057/96

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, লেখা, চিত্র আমাদের contact@purbottar.in-এ ই-মেইল অথবা, 95932 00246 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273458

বর্ষঃ ২৫, সংখ্যাঃ ১১, কোচবিহার, শুক্রবার, ৪ জুন - ১৭ জুন ২০২১, পৃষ্ঠা সংখ্যাঃ ৮ | Vol:25, Issue: 11th, Cooch Behar, Friday, 4 June - 17 June 2021, Page: 8 ₹ 3.00

## কোভিড পর কার্ডিয়াক চেক-আপ জরুরি



কোভিড-১৯'এর কবল থেকে মুক্ত হচ্ছেন যারা তাদের মধ্যে হৃদরোগীদের বাড়তি সতর্ক হওয়া প্রয়োজন। অ্যাপোলো হসপিটালস গুয়াহাটির ইন্টারভেনশনাল কার্ডিয়োলজিস্ট ডাঃ ঋতুপর্ণা বড়ুয়ার পরামর্শ হল, কোভিড পজিটিভ হওয়া সব হার্টের রোগীদেরই নিরাময়ের পর হার্ট চেক-আপ করা দরকার, যাতে ভাইরাস ঘটিত কোনও সাইড-এফেক্ট থাকলে তার চিকিৎসা করা যায়। জটিলতাযুক্ত বা দেরীতে নির্ণয়ের কারণে কোভিড-১৯ জনিত অসুস্থ হার্ট পরবর্তীকালে 'সাডেন কার্ডিয়াক অ্যারেস্ট' ডেকে আনতে পারে।

ডাঃ ঋতুপর্ণা বড়ুয়া বলেন, পজিটিভ হওয়া হার্টের রোগীদের খুবই সতর্ক থাকা প্রয়োজন, কারণ দেখা গেছে কার্ডিয়োভাস্কুলার রোগে ভুগতে থাকা রোগীদের ক্ষেত্রে কোভিড-১৯ জটিল উপসর্গ সৃষ্টি করতে ও বিপজ্জনক ফলের কারণ হয়ে উঠতে পারে। এজন্য কোভিড-১৯ থেকে মুক্ত হওয়ার পর 'কমপ্লিট ডায়াগনোসিস' করা উচিত, যাতে 'হার্ট ফেলিয়োর' বা 'সাডেন কার্ডিয়াক অ্যারেস্ট' প্রতিরোধ করা যায়।

## ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ ঘোষণা কেন্দ্রেও

**নিজস্ব প্রতিবেদন:** ঘূর্ণিঝড় ইয়াসে বিধ্বস্ত ওড়িশা, বাংলা ও ঝাড়খণ্ড তিন



রাজ্যের জন্য ১ হাজার কোটি টাকা বরাদ্দ করল কেন্দ্র। প্রধানমন্ত্রীর কার্যালয়ের তরফে জানানো হয়েছে, ক্ষয়ক্ষতির মাত্রা খতিয়ে দেখার জন্য তিনটি রাজ্যে কেন্দ্রীয় দল পাঠানো হবে। সেই দলের রিপোর্টের ভিত্তিতে আরও আর্থিক সাহায্য করেন। এছাড়া সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী।

ওড়িশাকে এখনই ৫০০ কোটি টাকা অর্থসাহায্য করছে কেন্দ্র। অন্যদিকে, বাংলা ও ঝাড়খণ্ডের পরিস্থিতি খতিয়ে দেখার পরই দুই রাজ্যকে দেওয়া হবে বাকি ৫০০ কোটি টাকা। কেন্দ্রীয় প্রতিনিধি দল বাংলা ও ঝাড়খণ্ডের পরিস্থিতি খতিয়ে দেখবে। তারপর দুই রাজ্যকে অর্থ সাহায্য করবে কেন্দ্র। ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইয়াসে মৃতদের পরিবারপিছু দু'লাখ টাকা আর্থিক সহায়তা দেবে কেন্দ্র। গুরুতর আহতদের ৫০,০০০ টাকা দেওয়া হবে।

# অভিষেক দেখা করে যেতেই প্রধানমন্ত্রীর ফোন মুকুলকে

**কলকাতা:** বিজেপি সর্বভারতীয় সহ-সভাপতি তথা রাজ্যের বিধায়ক মুকুল রায় এবং তার স্ত্রী, কৃষ্ণা রায়ের করোনায় আক্রান্ত হওয়ার খবর এসেছিল কিছুদিন আগেই। গত তিন সপ্তাহ ধরে তিনি এক বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন তাঁর শারীরিক অবস্থাও জটিল। একমো সাপোর্টে রাখা হয়েছে তাঁকে। তার স্বাস্থ্যের খবর নিতে এবার ফোন করলেন খোদ প্রধানমন্ত্রী মোদী। ৩ মে, বৃহস্পতিবার সকাল সাড়ে দশ টায় মুকুল রায়কে ফোন করেন নরেন্দ্র মোদী। বুধবার সন্ধায় মুকুলপত্নী কৃষ্ণা রায়কে দেখতে বাইপাসের হাসপাতালে আসেন যুব তৃণমূল সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়। ঠিক তার পরই হাসপাতালে আসতে দেরি করেননি বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ



এবং ঠিক পরের দিন সকালে মোদীর ফোন আসায় রাজ্য-রাজ্যনীতিতে শুরু জোর জল্পনা।

মুকুল রায়ের মনোবল বাড়ানোর চেষ্টা করেন মোদি। উল্লেখ্য, গত ১১ মে থেকে গত ৩ সপ্তাহ ধরেই করোনায় আক্রান্ত মুকুল রায়ের স্ত্রী। ভর্তি রয়েছেন বাইপাসের ধারে একটি বেসরকারি হাসপাতালে। তাঁর শারীরিক অবস্থা ক্রমাগত জটিল হচ্ছে। অভিষেকের হাসপাতালে দেখা করতে আসা নিয়ে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বলেছেন, সঙ্কটের সময় সব ভূলে গিয়ে একসঙ্গে আসাই ভালো। কষ্টের সময় একসঙ্গে থাকা উচিত। পূর্ব-পরিচিত, দেখা করতেই পারেন।

# অবশেষে স্বস্তি চার নেতা-মন্ত্রীর



**নিজস্ব প্রতিবেদন:** বিগত কদিন ধরেই উত্তপ্ত রাজ্য রাজনীতি। অবশেষে পাওয়া গেল উত্তর। শেষ হল টানাপোড়েন। নারদ মামলায় জামিন পেলেন সুব্রত মুখোপাধ্যায়, ফিরহাদ হাকিম, মদন মিত্র ও শোভন চট্টোপাধ্যায়। তবে তাঁদের এখন গৃহবন্দী রাখা হবে। অর্থাৎ জেল হেফাজত থেকে আপাতত মুক্তি পাচ্ছেন চার নেতা। নতুন বেঞ্চ গঠন না হওয়া পর্যন্ত থাকতে হবে গৃহবন্দি অবস্থায়। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি রাজেশ বিন্দাল ও অরিজিৎ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি করেন। মামলার শুনানি হয়েছে ভার্চুয়ালি। এদিকে গড়িয়াহাট থানায় তৃণমূল বিধায়ক মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য সিবিএর-র বিরুদ্ধে একটি মামলা করেছেন। মামলার বিষয় হচ্ছে কেন করোনা মহামারির মধ্যে রাজ্যের এই নেতাদের বাড়িতে সিবিআই সেনা বাহিনী নিয়ে হানা দিয়েছে। এই মামলাটি খারিজের আবেদন জানিয়েছে সিবিআই। এই মামলার শুনানি কলকাতা হাই কোর্টে। একই সঙ্গে নারদ গ্রেফতারি মামলা অন্য রাজ্যে সরিয়ে নিয়ে যাওয়া হবে কি না, সে ব্যাপারেও শুক্রবারই সিদ্ধান্ত নেওয়ার কথা হাই কোর্টের।

# কোভিডের প্রথম ও দ্বিতীয় ঢেউয়ের পর এবার তৃতীয় ঢেউ নিয়ে প্রস্তুত রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** দেশ জুড়ে কোভিডের প্রথম ও দ্বিতীয় ঢেউয়ের পর এবার উদ্বেগ শুরু হয়েছে তৃতীয় ঢেউ নিয়ে। বিশেষজ্ঞরা আশঙ্কা করছেন করোনার তৃতীয় ঢেউয়ে আক্রান্ত হতে পারে শিশুরাও। যদিও তার প্রমাণ নেই বলে দাবি করেছেন আর এক অংশের বিশেষজ্ঞরা। এর মধ্যে মহারাষ্ট্রের আহমেদনগর জেলায় কেবল মে মাসে ৮ হাজারের বেশি শিশু ও কিশোরের সংক্রমণের ঘটনা সামনে আসায়, ভারতেও তৃতীয় ঢেউ এসে গিয়েছে বলে অনেকে মনে করছেন। তবে এই পরিসংখ্যান সামনে আসতেই নড়েচড়ে বসেছে প্রশাসন তথা সেরাজ্যের স্বাস্থ্য মহল।

রাজ্যের স্বাস্থ্য দপ্তর আগেভাগেই পরিস্থিতি সামাল দেওয়ার জন্য প্রস্তুতি শুরু করে দিয়েছে। রাজ্যের প্রতিটি জেলার সুপার স্পেশালিটি হাসপাতাল ও কলকাতার মেডিকেল কলেজ হাসপাতালগুলিকে পেডিয়াট্রিক ইনসেন্টিভ কেয়ার ইউনিট বা পিকু,



সদ্যোজাতদের ইনটেনসিভ কেয়ার ইউনিট বা নিকু, বিশেষভাবে সদ্যোজাতদের কেয়ার ইউনিট বা এস এন সি ইউ যাতে প্রস্তুত থাকে তার নির্দেশ দেওয়া হয়েছে। একটি স্পেশাল টাস্কফোর্স গঠন করা হচ্ছে যারা এই শিশুদের এবং সদ্যোজাতদের চিকিৎসা নিয়ে খসড়া প্রকল্প তৈরি করবে। যাতে হঠাৎ করে শিশুদের আক্রান্তের সংখ্যা বাড়লে কোনও সমস্যায় না পড়তে হয়। এ ধরনের ইউনিটগুলোতে প্রয়োজনীয় যে সমস্ত যন্ত্রপাতি প্রয়োজন তার জন্য এখন থেকেই অর্ডার দেওয়ার নির্দেশ দিয়েছে রাজ্য স্বাস্থ্য দপ্তর।

৩১ মে, ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়াট্রিক্স এর তরফে জানানো হয়েছে, তৃতীয় ঢেউয়ে শিশুদের গুরুতর ভাবে প্রভাবিত হওয়ার সম্ভাবনা নেই। কোনও গবেষণা বা তথ্য প্রমানে এই ধরনের মন্তব্য উঠে আসেনি। যে শিশুরা সংক্রমিত হচ্ছে তাদের মধ্যে ৯০ শতাংশের বেশিই হল মাইল্ড সংক্রমিত অথবা উপসর্গহীন। খুব কম সংখ্যক শিশুর ক্ষেত্রে এই সংক্রমণ গুরুতর হতে পারে। তাই অনুমানের ভিত্তিতে এই নিয়ে আতঙ্কের কোনও যুক্তি নেই বলে দাবি সংস্থার। তৃতীয় ঢেউয়ের গুরুতর প্রভাব শিশু ও কিশোরদের মধ্যে পড়বে, এই দাবি ভিত্তিহীন হলেও সব দিক থেকে সতর্ক থাকার প্রয়োজন সকলের। তাই আগেভাগেই প্রস্তুতি নিয়ে রাখল স্বাস্থ্য দপ্তর।

# অবসর নিলেন আলাপন

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্য-কেন্দ্র টানাপোড়ের আবহেই অবসর নিলেন বাংলার মুখ্যসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়। অবসরের পরে নতুন দায়িত্বে আলাপন বন্দ্যোপাধ্যায়। রাজ্যের মুখ্যসচিব আলাপনকে মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা পদে নিয়োগ করলেন মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্নে মুখ্যমন্ত্রী জানালেন, আলাপন বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা পদে কাজ করবেন'। নতুন মুখ্যসচিব করা হল হরিকৃষ্ণ দ্বিবেদীকে। স্বরাষ্ট্র সচিব হলেন বি পি গোপালিকা।

এদিকে রাজ্যের মুখ্যসচিব আলাপন বন্দ্যোপাধ্যায়কে নিয়ে ফের চিঠি দেয় কেন্দ্র। সাংবাদিক বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, আগে কেন্দ্রের থেকে একটা চিঠি এসেছে। আলাপন বন্দ্যোপাধ্যায়কে নর্থ ব্লকে কাজে যোগ দিতে নির্দেশ দিয়ে চিঠি এসেছে। আর বেশি কিছু লেখা নেই



চিঠিতে'। মুখ্যমন্ত্রী আরও বলেন, 'প্রতিশোধমূলক আচরণ। এরকম নির্দয় প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী দেখিনি। এটা আলাপন বন্দ্যোপাধ্যায়ের একার লড়াই নয়, সমস্ত আমলাদের লড়াই। সমস্ত বিরোধী দল, বুদ্ধিজীবীদের একজোট হয়ে লড়াইয়ের আর্জি জানাচ্ছি।রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতে কেন্দ্র এই সিদ্ধান্ত নিল'।

# অবশেষে ভাঙা হচ্ছে উড়ালপুলের বাকি অংশ

**কলকাতা:** বছর পাঁচেক আগে এক ভয়াবহ ঘটনা দেখেছিল কলকাতা। তাতে প্রাণ হারিয়েছিল বেশ কয়েকজন মানুষ। আহতও হয়েছিলেন অনেকে। দুর্ঘটনা ঘটেছে পাঁচ বছর হয়ে গেছে অবশেষে বাকি অংশ ভাঙার অনুমতি পাওয়া গেলো। পাঁচ বছর পর পোস্তা উড়ালপুল ভেঙে ফেলার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। আগামী ১৫ জুন থেকে উত্তর কলকাতার এই ভগ্নাবশেষ সেতু দফায় দফায় সরিয়ে ফেলা হবে। কলকাতা পুরসভার মুখ্য প্রশাসক ফিরহাদ হাকিম পোস্তাবাজার মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সদস্যদের সঙ্গে বৈঠক করেন এবং তারপরই



উড়ালপুলটি ভেঙে ফেলার সিদ্ধান্তের কথা জানান। ভাঙার দায়িত্ব দেওয়া হয়েছে রেলের অধীনস্থ সংস্থা রাইটসকে। ফিরহাদ হাকিম জানিয়েছেন, উড়ালপুল ভাঙার সময় সব ধরনের সর্তকতা অবলম্বন করা হবে। আশপাশের বাড়ির কোন বাসিন্দা ক্ষতিগ্রস্ত না হয় সেদিকে লক্ষ্য রাখা হবে। ভাঙার কাজের চলাকালীন যাতে যান চলাচল ব্যাহত না হয় তার জন্য ট্রাফিক অন্য পথে ঘোরানো হবে।

২০১৬ সালের ৩১ মার্চ বিধানসভা ভোটের মুখে ভেঙে পড়েছিল নির্মীয়মাণ এই উড়ালপুলটি। ঘটনায় মারা গিয়েছিলেন ২৮ জন। ৮০ জনের বেশি জখম হয়েছিল। তারপর থেকে দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় পড়ে রয়েছে উড়ালপুলের ক্ষতিগ্রস্ত কাঠামো। পোস্তা উড়ালপুল তৈরির সময় থেকেই আপত্তি জানিয়েছিলেন সেখানকার বাসিন্দারা।

## ক্যাননের ‘ভ্যাক্সিনেশন অ্যাওয়ারনেস’ ড্রাইভ

**নতুন দিল্লি:** ক্যানন ইন্ডিয়া একটি টিকাকরণ সচেতনতা অভিযান শুরু করেছে। ভারতে কোভিড-১৯ বিরোধী লড়াইয়ে সাহায্য করার লক্ষ্যে তাদের এই উদ্যোগ।
একইসঙ্গে, টিকাকরণের জন্য নাম নথিভুক্তি সংক্রান্ত সহায়তা কেন্দ্র স্থাপন করেছে তাদের বিভিন্ন অ্যাডপ্টেড ভিলেজগুলিতে। সেগুলি হল - মাহেশ্বরী (হরিয়াণা), পরিবালি (মুম্বই), কল্যাণপুর (কলকাতা) ও আন্নাদড়ি (ব্যাঙ্গালোর)।
ক্যানন ইন্ডিয়া জানিয়েছে, তারা গ্রামবাসীদের টিকাকরণ, তার সুবিধা, প্রক্রিয়া ইত্যাদি বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় তথ্য দিয়ে সাহায্য করছে। এছাড়াও, সরাসরি গিয়ে নাম তোলার ব্যবস্থা না থাকলে সরকারি পোর্টালে নাম তোলার ব্যাপারেও ক্যানন ইন্ডিয়া তাদের সাহায্য করছে। ক্যানন ইন্ডিয়ার সচেতনতা অভিযান শুরু হওয়ার পর থেকে এক সপ্তাহের মধ্যে ১০০০ জনেরও বেশি মানুষকে টিকাকরণ প্রক্রিয়া বিষয়ে অবহিত করা ও পোর্টালে নাম তোলায় সাহায্য করা হয়েছে।

## আই সি আই সি আই প্রু লাইফের রিটায়ারমেন্ট সলিউশন

**নতুন দিল্লি:** আইসিআইসিআই প্রু লাইফ ইন্স্যুরেন্স এক উদ্ভাবনী রিটায়ারমেন্ট সলিউশন নিয়ে উপস্থিত হয়েছে। এতে তাদের ‘গ্যারান্টীড পেনশন প্লান’-এর দুইটি ভেরিয়েন্টের সমন্বয় ঘটানো হয়েছে, যা বিনিয়োগের ওপরে ফেরতলাভের নিশ্চয়তা প্রদান করে। এরফলে গ্রাহকদের ‘রেগুলার ইনকাম’ বৃদ্ধি হতে থাকে যা ৫ বছর পরে দ্বিগুণ হয় এবং ১১তম বছরের পর তিনগুণ হয়ে যায়।
আইসিআইসিআই প্রু লাইফ ইন্স্যুরেন্সের উদ্ভাবনী ও ইন্ডাস্ট্রি-ফার্স্ট ফিচার্স বিশিষ্ট ‘গ্যারান্টীড পেনশন প্ল্যান’ গ্রাহকদের ভোটে ‘রিটারয়ারমেন্ট অ্যান্ড পেনশন প্ল্যানস’ ক্যাটাগরিতে ‘প্রোডাক্ট অব দ্য ইয়ার ২০২১’ হিসেবে নির্বাচিত হয়েছে। অতিমারিকালে গ্রাহকরা যখন ফিনান্সিয়াল প্ল্যানিংয়ের গুরুত্ব বেশি মাত্রায় উপলব্ধি করছেন, তখন এই প্ল্যান তাদের কাছে সাগ্রহে গ্রহণযোগ্য হবে।
আইসিআইসিআই প্রু লাইফ ইন্স্যুরেন্সের ‘গ্যারান্টীড পেনশন প্ল্যান’ হচ্ছে কোম্পানির ফ্ল্যাগশিপ অ্যানুইটি প্রোডাক্ট, যাতে রয়েছে ইন্ডাস্ট্রি-ফার্স্ট ফিচার্স।

# কোভিড-১৯: নিসান দিচ্ছে ৬.৫ কোটি টাকা

**নতুন দিল্লি:** কোভিড-১৯ বিরোধী লড়াইয়ে নিসান ইন্ডিয়া ৬.৫ কোটি টাকা সহায়তা প্রদান করেছে। নিসান ইন্ডিয়ার তরফে তামিলনাড়ু স্টেট ডিজাস্টার রিলিফ ফান্ডে ২.২ কোটি টাকা, তামিলনাড়ু সিএম রিলিফ ফান্ডে ২৫ লক্ষ টাকা এবং বিভিন্ন সামগ্রী যেমন মাস্ক, পিপিই কিট ইত্যাদির জন্য ৪.৩ কোটি টাকা প্রদান করা হয়েছে। বিগত কয়েকমাসে দিল্লি এনসিআর ও চেন্নাইয়ে নিসান ইন্ডিয়া তাদের ‘রিলিফ ইকুইপমেন্ট সাপোর্ট’ হিসেবে এন-৯৬ মাস্ক, পিপিই কিট, অক্সিজেন কনসেন্ট্রেটর, পোর্টেবল ইসিজি মেশিন, এক্স-রে মেশিন, পালস অক্সিমিটার ও ন্যাজাল অক্সিজেন মেশিন বিতরণ করেছে।এছাড়াও, ওয়ার্ল্ড কমিউনিটি সার্ভিস সেন্টারের সহযোগিতায় আরএনএআইপিএল লকডাউন চলাকালীন কুকড ফুড প্যাকেট বিতরণ করছে পরিযায়ী শ্রমিক ও অভাবী মানুষজনের মধ্যে।

কোভিডের সেকেন্ড ওয়েভের কথা মাথায় রেখে সংক্রমণ প্রতিরোধে নিসান ইন্ডিয়া তাদের কারখানা, অফিস ও ডিলারশিপগুলিতে ‘হেলথ অ্যান্ড সেফটি অপারেটিং প্রসিডিয়োর’ (এসওপি) আরও বাড়িয়ে তুলেছে। একইসঙ্গে, নিসান ইন্ডিয়া তাদের কর্মীদের ও পরিবারের সহায়তার জন্য কোভিড-১৯ কিট বিতরণ করেছে, ইন্স্যুরেন্সের পরিমাণ বৃদ্ধি করেছে এবং নিকটবর্তী হাসপাতালগুলিতে নিশ্চিত বেড, অক্সিজেন কনসেন্ট্রেটর ও ভেন্টিলেটরের ব্যবস্থা করেছে।

আরএনএআইপিএল তাদের কর্মীদের নিরাপত্তাকে অগ্রাধিকার দিয়ে পরিবর্তন করেছে ট্রান্সপোর্ট ও ক্যান্টিনে ৫০ শতাংশ অবধি অক্যুপেন্সি। কোভিড-১৯ সেফটি ইনিশিয়েটিভকে মজবুত করার জন্য আরএনএআইপিএল তাদের কর্মীদের জন্য ‘হেলথ ব্যান্ড সেফটি এসওপি’ বিষয়ক বাধ্যতামূলক অনলাইন ট্রেনিং মডিউল ও অন-দ্য-গ্রাউন্ড ট্রেনিংয়ের ব্যবস্থা করেছে সার্টিফায়েড ট্রেনারদের দ্বারা।

## স্বাস্থ্যসম্মত জীবনের জন্য অ্যামওয়ের উদ্যোগ



**নতুন দিল্লি:** অ্যামওয়ে ইন্ডিয়া স্বাস্থ্যসম্মত জীবনযাত্রার জন্য নিউট্রিশনের মাধ্যমে ইমিউনিটি গড়ার প্রতি জোর দিয়ে ‘হেলথ অ্যান্ড হাইজিন’ সংক্রান্ত নিয়মনীতি অনুসরণের জন্য একটি সচেতনতা অভিযান শুরু করেছে। এই ক্যাম্পেনের সঙ্গে রয়েছে চিকিৎসক ও পুষ্টি বিশেষজ্ঞদের একটি প্যানেলের সঙ্গে ভার্চুয়াল অধিবেশনের একটি সিরিজ। ভারতে অ্যামওয়ের ২৩তম বার্ষিকী উপলক্ষে শুরু করা এই সচেতনতা অভিযানের উদ্দেশ্য হল সঠিক নিউট্রিশন কিভাবে ‘হেলদি লাইফস্টাইল’ গড়ে তুলতে সাহায্য করে, সেই বার্তা প্রচার করা।

বর্তমান সময়ে সুষম জীবনযাত্রার ক্রমবর্ধমান গুরুত্ব এবং ‘প্রিভেন্টিভ হেলথকেয়ার’ ও পরিপূরক আহারের ভূমিকা বিষয়ে তথ্য প্রদানের মাধ্যমে সাহায্য করার জন্য চিকিৎসক ও পুষ্টি বিশেষজ্ঞরা এই ক্যাম্পেনে যোগ দিচ্ছেন এবং ‘হেলদি’ ও ‘হাইজিনিক’ জীবনের গুরুত্ব বিষয়ে তাদের মতামত প্রকাশ করছেন। পূর্বাঞ্চলে অ্যামওয়ের এরকম কিছু উদ্যোগের মধ্যে রয়েছে ওয়ার্ল্ড হেলথ ডে, ওয়ার্ল্ড অ্যাজমা ডে, ওয়ার্ল্ড লাফটার ডে পালন করা, যার মুখ্য উদ্দেশ্য হল ওরাল হেলথ, ইমিউনিটি ক্যাম্পেন, মাদার্স ডে এবং হোম, হেলথ অ্যান্ড হাইজিন ক্যাম্পেন উদযাপনের প্রতি গুরুত্ব প্রদান করা।

‘হেলদি অ্যান্ড হাইজিনিক’ জীবনযাত্রা বিষয়ে এবং তার স্বল্প ও দীর্ঘমেয়াদী সুফল বিষয়ে বিশদে অবহিত হতে অ্যামওয়ের ডাইরেক্ট সেলার্স, রিটেলার্স ও তাদের গ্রাহকবৃন্দ এতে অংশ নিচ্ছেন।

## এএসসিআই-এর ফাইনাল গাইডলাইন্স

**নতুন দিল্লি:** দ্য অ্যাডভার্টাইজিং স্ট্যান্ডার্ডস কাউন্সিল অব ইন্ডিয়া (এএসসিআই) ডিজিটাল মিডিয়ায় ইনফ্লুয়েন্সার অ্যাডভার্টাইজিংয়ের জন্য ফাইনাল গাইডলাইন্স প্রকাশ করল। ১৪ জুন থেকে কমার্সিয়াল মেসেজ বা বিজ্ঞাপন প্রকাশের ক্ষেত্রে এই গাইডলাইন্স কার্যকর হবে। ফেব্রুয়ারি মাসে খসড়া গাইডলাইন্স প্রকাশ করে সংশ্লিষ্ট সকলের মতামত জানতে চাওয়া হয়েছিল, যেমন অ্যাডভার্টাইজার, এজেন্সি, ইনফ্লুয়েন্সার ও কনজিউমার। তারপর দুই মাসে ২৫টিরও বেশি সংশ্লিষ্ট পক্ষ থেকে মতামত ও পরামর্শ প্রদান করা হয়েছিল। সেগুলির ভিত্তিতেই এএসসিআই তাদের ফাইনাল গাইডলাইন্স তৈরি করেছে।

একইসঙ্গে, এএসসিআই ইনফ্লুয়েন্সার অ্যাডভার্টাইজিংয়ের জন্য একটি ‘ইনক্লুসিভ এডুকেশনাল অ্যাপ্রোচ’ প্রণয়নের দিকে এগোচ্ছে। এজন্য শুরু করা হচ্ছে এএসসিআই-ডট-সোস্যাল প্লাটফর্ম। এএসসিআই-ডট-সোস্যাল প্লাটফর্মের মাধ্যমে সোস্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সার, কনজিউমার, অ্যাডভার্টাইজার ও ট্যালেন্ট ম্যানেজমেন্ট এজেন্সিগুলির একটি কমিউনিটি গড়ে তোলা হবে।

এএসসিআই-এর চেয়ারম্যান সুভাষ কামাথ জানান, তারা ড্রাফট গাইডলাইন তৈরির ব্যাপারে ইনফ্লুয়েন্সার ও অন্যান্যদের দিক থেকে প্রভূত সাড়া পেয়েছেন। সেগুলি নিয়ে বিশদ আলোচনার পর ফাইনাল গাইডলাইন্স প্রণীত হয়েছে। এর মাধ্যমে কনজিউমার, ইনফ্লুয়েন্সার, এজেন্সি, অ্যাডভার্টাইজার ও সংশ্লিষ্ট অন্যান্যদের স্বার্থ সমানভাবে রক্ষা পাবে।

## বিদেশে পড়ার জন্য লিভারেজ এডু’র স্কলারশিপ

**নতুন দিল্লি:** লিভারেজ এডু নিয়ে এলো ভারতের সবথেকে বড় ‘স্টাডি অ্যাব্রড স্কলারশিপ’। আগামী শিক্ষাবর্ষে বিদেশে পড়াশোনা করতে আগ্রহী এমন ভারতীয় শিক্ষার্থীরা এই স্কলারশিপের দ্বারা উপকৃত হবে। এই স্কলারশিপের সুযোগ নেওয়ার জন্য শিক্ষার্থীদের একটি আবেদনপত্র জমা দিতে হবে। তাতে জানতে চাওয়া হবে কেন তারা নিজেদের এই স্কলারশিপ পাওয়ার যোগ্য বলে মনে করে। ভারতের যেকোনও প্রান্তের ছাত্রছাত্রীরা এই স্কলারশিপের মাধ্যমে তাদের টিউশন ফী ও থাকার খরচে ছাড় পাবে, ল্যাপটপ জিতে নিতে পারবে, এক্সকার্সনের ব্যয়ে ছাড় পাবে ও ক্যাম্পাসের অন্যান্য অনেক সুবিধা নিতে পারবে। প্রতি পক্ষকালে স্কলারশিপ বিজয়ীদের নাম ঘোষণা করা হবে। আশা করা হচ্ছে, ৫ কোটি টাকার এই স্কলারশিপের মাধ্যমে দেশের শত শত ছাত্রছাত্রী উপকৃত হবে। বিশদ বিবরণ জানা যাবে ওয়েবসাইট (https://leverageedu.com/scholarships) থেকে। লিভারেজ এডু প্লাটফর্ম থেকে সকল ছাত্রছাত্রী এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারবে।

# কেএফসি ‘৪এক্স সেফটি প্রমিস’ আরও কঠোর




**নতুন দিল্লি:** বর্তমান পরিস্থিতির কারণে সেফটি ও হাইজিনের ব্যাপারে আরও কড়া হচ্ছে কেএফসি ইন্ডিয়া। তারা এবার আরও জোর দিচ্ছেন তাদের ৪এক্স সেফটি প্রমিস-এর ওপরে স্ক্রিনিং, স্যানিটাইজেশন, সোস্যাল ডিসট্যান্সিং ও কন্ট্যাক্টলেস সার্ভিস।
কেএফসি’র ৪এক্স সেফটি প্রমিস-গুলি হল: (ক) স্ক্রিনিং রাইডার ও টিম মেম্বারদের নিয়মিত টেম্পারেচার স্ক্রিনিং করা হয়। সর্দি, কাশি ইত্যাদি উপসর্গ থাকলে তার উপশম না হওয়া পর্যন্ত তাদের বাড়িতে থাকতে পরামর্শ দেওয়া হয়। (খ) স্যানিটাইজেশন সকল সারফেস, যেমন দরজা, দরজার হ্যান্ডেল, কাউন্টার, টেবল, চেয়ার ইত্যাদি প্রতি ৩০ মিনিট অন্তর স্যানিটাইজ করা হয়। টিম মেম্বাররা সবসময়ে হ্যান্ড ওয়াশ ও মাস্ক পরে থাকার নিয়ম কঠোরভাবে মেনে চলেন। (গ) সোস্যাল ডিসট্যান্সিং শুধু টিম মেম্বাররা নন, গ্রাহক ও ডেলিভারি রাইডারদেরও সোস্যাল ডিসট্যান্সিংয়ের নিয়ম মেনে চলার দিকে নজর রাখে কেএফসি। (ঘ) কনট্যাক্টলেস সার্ভিস ডেলিভারি প্রদান, টেকঅ্যাওয়ে ও ‘কেএফসি টু ইয়োর কার/বাইক’ সর্বক্ষেত্রেই কন্ট্যাক্টলেস নীতি অনুসরণ করে কেএফসি।

কেএফসি গ্রাহকরা নিজেদের পছন্দের ‘হট অ্যান্ড ফ্রেশ’ কেএফসি বাকেট নিতে পারবেন ‘কনট্যাক্টলেস ডেলিভারি’ ও ‘কনট্যাক্টলেস টেকঅ্যাওয়ে’ ব্যবস্থার মাধ্যমে। এজন্য অর্ডার দেওয়া যাবে অনলাইনে (www.online.kfc.co.in) বা কেএফসি অ্যাপ ব্যবহার করার দ্বারা।

## রাস্কিন বন্ডের মুখোমুখি

**নতুন দিল্লি:** প্রভা খৈতান ফাউন্ডেশনের উদ্যোগে দ্য রাইট সার্কেল-এর প্রথম গুয়াহাটি এডিশন হিসেবে একটি ভার্চুয়াল অধিবেশন হল ২৯ মে। এই অধিবেশনে প্রখ্যাত ভারতীয় লেখক রাস্কিন বন্ডের সঙ্গে সাহিত্য বিষয়ক মনোজ্ঞ কথোপকথনে ছিলেন ব্যাঙ্গালোরের রূপা পাই। রূপা পাই একজন সাংবাদিক ও শিশু সাহিত্যিক। তাঁর প্রকাশিত পুস্তকের সংখ্যা ২০টিরও বেশি। এক ঘন্টার এই অনুষ্ঠানে গুয়াহাটির সাহিত্য ও সাংবাদিকতা জগতের বিশিষ্ট ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

প্রভা খৈতান ফাউন্ডেশন ভারতীয় সমাজ, সংস্কৃতি, কল্যাণ ও মানবিক কর্মকান্ডের সার্বিক উন্নয়ণের জন্য কাজ করে। কলকাতা ভিত্তিক এই সংগঠন ভারতের শিল্প, সংস্কৃতি ও সাহিত্যের বিকাশের জন্য এবং শিশু, মহিলা ও বয়স্ক মানুষদের জন্য কল্যাণমূলক কাজে নিয়োজিত। এইসব কাজের জন্য তারা দেশের সমমনস্ক ব্যক্তি ও সংগঠনগুলির সঙ্গে হাত মিলিয়ে চলে।

## ইন্টারন্যাশনাল ফ্যামিলি ডে, আমন্ডের সঙ্গে

**কলকাতা:** প্রতিবছর আন্তর্জাতিক পরিবার দিবস পালিত হয় ১৫ মে। এইবছরের থিম হিসেবে বেছে নেওয়া হয়েছে পরিবারের সুস্থতার ওপরে টেকনোলজির প্রভাব।

আন্তর্জাতিক পরিবার দিবসে সকলের উচিত নিজেদের ও পরিবারের অন্যান্যদের সুস্থতার জন্য লাইফস্টাইলে প্রভাবদায়ী পরিবর্তন আনা। এই কাজ শুরু করা যায় সুখাদ্য নির্বাচন ও সঠিক স্ন্যাকিংয়ের ওপর গুরুত্ব আরোপ করার দ্বারা। আমন্ডের মতো বাদাম ১৫টি পুষ্টি উপাদানে পূর্ণ। এর আরও অনেক স্বাস্থ্যকর গুণ রয়েছে। বলিউড অভিনেত্রী সোহা আলি খান পরিবারের দৈনিক খাদ্যতালিকায় স্বাস্থ্যসম্মত আমন্ড যুক্ত করার পরামর্শ দিয়ে বলেছেন, প্রতিদিন আমন্ড খাওয়া ইমিউনিটি বৃদ্ধির সহায়ক। ম্যাক্স হেলথকেয়ার দিল্লির রিজিয়োনাল হেড (ডায়েটেটিক্স) ঋতিকা সমাদ্দার জানালেন, শারীরিক সক্রিয়তার জন্য পরিবারের সকলের পুষ্টিকর আমন্ড খাওয়া প্রয়োজন। এজন্য খাদ্যতালিকায় পরিবর্তন এনে আমন্ড যোগ করা দরকার।

## স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাজের সময়ে পরিবর্তন

**মুম্বই:** দেশের বৃহত্তম রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ব্যাঙ্ক শাখাগুলিও তাদের কাজের সময়ে পরিবর্তন এনেছে। আগে যেখানে এসবিআই শাখাগুলিতে সকাল ১০টা থেকে দুপুর ২ টা পর্যন্ত কাজ চলতো। এখন তা ২ ঘন্টা বাড়ানো হয়েছে। এখন ব্যাঙ্কের শাখাগুলি বিকেল চারটে পর্যন্ত খোলা থাকবে। দেশে করোনা আক্রান্তের সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় ব্যাঙ্কের কাজের সময়সীমার পরিবর্তন আনা হয়েছিল।

গ্রাহকদের সুবিধার্থে কাজের সময় ২ ঘন্টা বাড়ানো হয়েছে। এসবিআই তার অফিসিয়াল টুইটার অ্যাকাউন্টের মাধ্যমে এ সম্পর্কে জানিয়েছে। সেখানে বলা হয়েছে যে, গ্রাহকরা তাদের প্রয়োজনীয় কাজ সকাল ১০ টা থেকে বিকেল চারটের মধ্যে সারতে পারবে। ব্যাঙ্ক টুইটে লিখেছে, ১ জুন, ২০২১ থেকে আমাদের সমস্ত শাখা সকাল দশটা থেকে বিকেল ৪টে পর্যন্ত খোলা থাকবে।

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া একদিনে অ্যাকাউন্ট থেকে নগদ টাকা তোলার সীমা বাড়িয়েছে রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কটি। নতুন নিয়ম অনুযায়ী, গ্রাহকরা তাদের হোম ব্রাঞ্চ ছাড়া অন্য ব্রাঞ্চ থেকে উইথড্রল স্লিপের মাধ্যমে দিনে সর্বাধিক ২৫ হাজার টাকা তুলতে পারবে এবং চেকের মাধ্যমে এখন অন্য শাখা থেকে এক লক্ষ টাকা পর্যন্ত তোলা যাবে। ব্যাঙ্ক জানিয়েছে থার্ড পার্টি উইথড্রল স্লিপের মাধ্যমে টাকা তুলতে পারবে না। এছাড়া জানানো হয়েছে থার্ড পার্টির কেওয়াইসি নথিও প্রয়োজন।

# সোনি ইন্ডিয়ার দুটি নতুন মাইক্রোফোন




**মুম্বই:** সোনি ইন্ডিয়ার তরফে লঞ্চ করা হল দুটি নতুন মাইক্রোফোন ইসিএম-ডব্লিউ২বিটি মাল্টি ইন্টারফেস শ্যু কমপ্যাটিবল ওয়্যারলেস মাইক্রোফোন ও ইসিএম-এলভি১ কমপ্যাক্ট স্টিরিয়ো ল্যাভালিয়ার মাইক্রোফোন।

নতুন ইসিএম-ডব্লিউ২বিটি ও ইসিএম-এলভি১ মাইক্রোফোনদুটি ২৬ মে থেকে পাওয়া যাবে সকল সোনি সেন্টার, আলফা ফ্ল্যাগশিপ স্টোর্স, ি্িি.ঝযড়ঢ়ধঃঝঈ.পড়স পোর্টাল ও মুখ্য ইলেকট্রনিক স্টোরসমূহে। দাম (এমআরপি) যথাক্রমে ১৬,৯৯০ টাকা ও ২,০৯০ টাকা।

ইসিএম-ডব্লিউ২বিটি ওয়্যারলেস মাইক্রোফোন দ্বারা লোয়ার নয়েজ ও স্টেবল কানেকশন-সহ ওয়্যারলেস হাই-কোয়ালিটি অডিয়ো রেকর্ডিং করা যাবে, বিশেষকরে এরসঙ্গে যদি ইসিএম-এলভি১ স্টিরিয়ো ল্যাভালিয়ার মাইক্রোফোন ও সোনির কোনও ডিজিটাল অডিয়ো কমপ্যাটিবিলিটি-যুক্ত ক্যামেরা ব্যবহার করা হয়। এই কম্বিনেশনের ফলে ভ্লগার, ইউটিউবার ও ভিডিয়ো ক্রিয়েটরগণ তাদের চাহিদার নিখুঁত সমাধান পাবেন। অধিকতর সময় ধরে ব্যবহারের জন্য ক্যামেরার মাল্টি ইন্টারফেস শ্যু'র মাধ্যমে পাওয়ার সাপ্লাই পাওয়া যাবে ব্যাটারি অ্যাসিস্ট ফাংশনের দ্বারা, ফলে এর রিসিভারটিকে ৯ ঘন্টা অবধি চালানো যাবে।

# প্রকাশিত হল হাউসিং প্রাইসিং ইনডেক্স

**কলকাতা:** অনলাইন রিয়াল এস্টেট পোর্টাল হাউসিং-ডট-কম ইন্ডিয়ান স্কুল অফ বিজনেসের (আইএসবি) সঙ্গে যুগ্মভাবে তাদের হাউসিং প্রাইসিং ইনডেক্স (এইচপিআই) প্রকাশ করল। এই ইনডেক্স হল রিয়াল এস্টেটের ক্ষেত্রে আর্থিক কর্মকান্ডের একটি নির্দেশক। ইন্ডিয়ান স্কুল অফ বিজনেস ও শ্রীনি রাজু সেন্টার ফর আইটি অ্যান্ড দ্য নেটওয়ার্কড ইকোনমি'র (এসআরআইটিএনই) সহযোগিতায় প্রস্তুত এইচপিআই ভারতের আটটি প্রধান শহরের আবাসনের মূল্য পরিবর্তন বিষয়ে তথ্য জোগাবে। এই ইন্ডেক্স আগ্রহী ক্রেতাদের আবাসন ক্রয়ের সঠিক সময় নির্ধারণ করতে এবং বিক্রেতাদের বিক্রয়ের প্রকৃত সময় জানাতে সাহায্য করবে। ২০১৭ সাল থেকে এপর্যন্ত দেশের আটটি মুখ্য শহরে ১, ২ ও ৩ বিএইচকে অ্যাপার্টমেন্টের ক্রয়বিক্রয় সংক্রান্ত সমীক্ষার ভিত্তিতে প্রস্তুত হয়েছে এই ইনডেক্স।




ভারতে কৃষির পরই রিয়াল এস্টেট হল দ্বিতীয় বৃহত্তম কর্মসংস্থান ক্ষেত্র। কেন্দ্রীয় 'হাউসিং অ্যান্ড আর্বান অ্যাফেয়ার্স' সচিব দুর্গাশঙ্কর মিশ্র এবং শিল্প ও শিক্ষা জগতের নামী ব্যক্তিবর্গের উপস্থিতিতে একটি ভার্চুয়াল অনুষ্ঠানে এই হাউসিং প্রাইসিং ইনডেক্স প্রকাশ করা হয়।

# সোনির নতুন মোবাইল ইএস সিরিজ



**নতুন দিল্লি:** কার অডিয়ো জগতে সোনির অন্যতম সেরা প্রোডাক্ট হিসেবে সোনি ইন্ডিয়া নিয়ে এসেছে নতুন মোবাইল ইএস লাইন-আপ। কার স্পিকার ও সাবউফার সমন্বিত মোবাইল ইএস সিরিজে রয়েছে এক্সএস-১৬২ইএস, এক্সএস-১৬০ইএস, এক্সএস-৬৯০ইএস ও এক্সএস-ডব্লিউ১০৪ইএস। সুপিরিয়র ইন-কার এন্টারটেনমেন্টের ক্ষেত্রে এগুলি এক নতুন স্ট্যান্ডার্ড সৃষ্টি করবে। মোবাইল ইএস লাইন-আপ গ্রাহকদের ফেবারিট মিউজিকের অভিজ্ঞতা যেমন দেবে, তেমনই গাড়ির ভেতরের পরিবেশও বদলে দেবে।

মোবাইল ইএস লাইন-আপ: (১) এক্সএস-১৬২ইএস ৬.৫" টু-ওয়ে কম্পোনেন্ট স্পিকার সিস্টেম, (২) এক্সএস-১৬০ইএস ৬.৫" কোওঅ্যাক্সিয়াল টু-ওয়ে স্পিকার্স, (৩) এক্সএস-৬৯০ইএস ৬ঢ৯" কোঅ্যাক্সিয়াল টু-ওয়ে স্পিকার্স ও (৪) এক্সএস-ডব্লিউ১০৪ইএস ১০" সিঙ্গল ভয়েস কয়েল সাবউফার।

১ জুন থেকে এই নতুন লাইন-আপ দেশের নির্বাচিত প্রিমিয়াম কার ডিলারদের কাছে পাওয়া যাবে। এগুলির বেস্ট -ই প্রাইস এরকম: এক্সএস-৬৯০ইএস ২৪৯৯০ টাকা, এক্সএস-১৬২ইএস ২০৯৯০ টাকা, এক্সএস-ডব্লিউ১০৪ইএস ১৬৯৯০ টাকা ও এক্সএস-১৬০ইএস ১৬৯৯০ টাকা।

# ইন্ডিয়ান ট্রাক্টর অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড

**কলকাতা:** ইন্ডিয়ান ট্রাক্টর অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড ২০২১ অনুষ্ঠানে সিএনএইচ ইন্ডাস্ট্রিয়াল এনভি'র ব্র্যান্ড নিউ হল্যান্ড এগ্রিকালচার চারটি পুরস্কারে ভূষিত হল। এই পুরস্কার প্রাপ্তি শুধু ট্রাক্টর ও ইঞ্জিনিয়ারিং নো-হাউ'এর জন্য নয়, কোম্পানির দুটি কর্পোরেট সোস্যাল রেসপন্সিবিলিটি প্রোজেক্টের কারণেও। নিউ হল্যান্ড এগ্রিকালচারের সেলস ডিরেক্টর (ইন্ডিয়া অ্যান্ড সার্ক) কুমার বিমল জানান, এই পুরস্কার গ্রাহকদের তরফে তাদের ব্র্যান্ডের প্রতি আস্থা ও বিশ্বাসের সূচক এবং কৃষকদের স্বার্থে তাদের উদ্যোগের প্রতীক।




ট্রাক্টর জংশনের ব্যবস্থাপনায় আয়োজিত 'ইন্ডিয়ান ট্রাক্টর অফ দ্য ইয়ার ২০২১' পুরস্কার বিতরণী অনুষ্ঠানে নিউ হল্যান্ড এগ্রিকালচার চারটি ক্যাটাগরিতে পুরস্কার লাভ করেছে (ক) ৫১ থেকে ৬০ এইচপি'র মধ্যে বেস্ট ট্রাক্টর (নিউ হল্যান্ড ৩৬৩০ টিএক্স স্পেশাল এডিশন), (খ) কমার্সিয়াল অ্যাপ্লিকেশনের জন্য বেস্ট ট্রাক্টর (নিউ হল্যান্ড ৩২৩০ এনএক্স), (গ) বেস্ট ডিজাইন ট্রাক্টর (নিউ হল্যান্ড এক্সেল আল্টিমা ৫৫১০) ও (ঘ) বেস্ট কর্পোরেট সোস্যাল রেসপন্সিবিলিটি ইনিশিয়েটিভ (নিউ হল্যান্ড প্রিভেনশন অফ ক্রপ স্টাবল বার্নিং-স্ট্র ম্যানেজমেন্ট অ্যান্ড পন্ড অ্যাডপশন প্রোজেক্ট)।

# আন্দামান ও নিকোবরে টিসিআই



**পোর্ট ব্লেয়ার:** ট্রান্সপোর্ট কর্পোরেশন অব ইন্ডিয়া (টিসিআই) কোভিড-১৯'এর দ্বিতীয় ঢেউ চলাকালীন অতিমারি রুখতে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে সহযোগিতার হাত প্রসারিত করল। টিসিআই তাদের টিসিআই সীওয়েজ ডিভিশন ও সিএসআর শাখা টিসিআই ফাউন্ডেশনের মাধ্যমে ১০ লিটার ক্যাপাসিটির ১৫০টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রদান করেছে। প্রসঙ্গত, বিগত কয়েক দশক ধরে টিসিআই গ্রুপ সবসময়েই আন্দামান ও নিকোবরের মানুষের পাশে রয়েছে।

এই উদ্যোগে টিসিআই গ্রুপের প্রতিনিধিত্ব করেন টিসিআই সীওয়েজের ভাইস-প্রেসিডেন্ট পিকে কৌশিক। এইরকম সমাজসেবামূলক কাজে যুক্ত থাকার জন্য টিসিআইয়ের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়েছে চিফ সেক্রেটারি, ডেপুটি কমিশনার ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারি আধিকারিকদের।




**নতুন দিল্লি:** নিয়মিত আমন্ড খেলে তা ইউভিবি লাইটের ক্ষতি থেকে ত্বককে রক্ষা করে। আমন্ড বোর্ড অফ ক্যালিফোর্নিয়ার অর্থানুকূল্যে পরিচালিত এই সমীক্ষার ফলাফলটি প্রকাশিত হয়েছে 'জার্নাল অফ কসমেটিক ডার্মাটোলজি'তে।

লস এঞ্জেলসের ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়ার গবেষকরা দৈনিক আমন্ড গ্রহণের দ্বারা ত্বকের ওপর ইউভিবি লাইটের ক্ষতিকারক প্রভাব প্রতিরোধ করা যায় কীনা তা নিয়ে গবেষণা চালিয়েছিলেন। সমীক্ষায় অংশগ্রহণকারী ২৯ জন তরুণীর নিকট থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে আমন্ডের গুণের কথা প্রমাণিত হয়েছে। সমীক্ষার প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ড. ঝাওপিঙ লি (এমডি, পিএইচডি, প্রফেসর অফ মেডিসিন অ্যান্ড চিফ অফ দ্য ডিভিশন অফ ক্লিনিক্যাল নিউট্রিশন, ইউনিভার্সিটি অফ ক্যালিফোর্নিয়া, লস এঞ্জেলস) জানান, এই সমীক্ষা থেকে দেখা গেছে ১২ সপ্তাহ ধরে দৈনিক স্ন্যাক হিসেবে আমন্ড গ্রহণ (১.৫ আউন্স, ৪২ গ্রাম) এশিয়ার নারীদের মধ্যে এমইডি (ইউভিবি রেজিস্ট্যান্সের মাত্রার একক) প্রায় ২০ শতাংশ বৃদ্ধি করে। এই ফলাফল জানাচ্ছে, খাদ্যতালিকায় আমন্ড থাকলে তা ইউভিবি লাইটের প্রতিরোধে ত্বকের আভ্যন্তরীণ প্রতিরোধক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করে।

আমন্ড বিষয়ক এই নতুন সমীক্ষার ফলাফলকে স্বাগত জানিয়েছেন ড. গীতিকা মিত্তাল গুপ্তা (মেডিক্যাল ডিরেক্টর অ্যান্ড কসমেটোলজিস্ট), ঋতিকা সমাদ্দার (রিজিয়োনাল হেড-ডায়েটেটিক্স, ম্যাক্স হেলথকেয়ার দিল্লি) ও শীলা কৃষ্ণস্বামী (নিউট্রিশন অ্যান্ড ওয়েলনেস কনসাল্টেন্ট)।

# কোভিড নিরাময়ের পর কার্ডিয়াক চেক-আপ জরুরি

**গুয়াহাটি:** কোভিড-১৯'এর কবল থেকে মুক্ত হচ্ছেন যারা তাদের মধ্যে হৃদরোগীদের বাড়তি সতর্ক হওয়া প্রয়োজন। অ্যাপোলো হসপিটালস গুয়াহাটির ইন্টারভেনশনাল কার্ডিয়োলজিস্ট ডাঃ ঋতুপর্ণা বড়ুয়ার পরামর্শ হল, কোভিড পজিটিভ হওয়া সব হার্টের রোগীদেরই নিরাময়ের পর হার্ট চেক-আপ করা দরকার, যাতে ভাইরাস ঘটিত কোনও সাইড-এফেক্ট থাকলে তার চিকিৎসা করা যায়। জটিলতাযুক্ত বা দেরীতে নির্ণয়ের কারণে কোভিড-১৯ জনিত অসুস্থ হার্ট পরবর্তীকালে 'সাডেন কার্ডিয়াক অ্যারেস্ট' ডেকে আনতে পারে। ডাঃ ঋতুপর্ণা বড়ুয়া বলেন, পজিটিভ হওয়া হার্টের রোগীদের খুবই সতর্ক থাকা প্রয়োজন, কারণ দেখা গেছে কার্ডিয়োভাস্কুলার রোগে ভুগতে থাকা রোগীদের ক্ষেত্রে কোভিড-১৯ জটিল উপসর্গ সৃষ্টি করতে ও বিপজ্জনক ফলের কারণ হয়ে উঠতে পারে। এজন্য কোভিড-১৯ থেকে মুক্ত হওয়ার পর 'কমপ্লিট ডায়াগনোসিস' করা উচিত, যাতে 'হার্ট ফেলিয়োর' বা 'সাডেন কার্ডিয়াক অ্যারেস্ট' প্রতিরোধ করা যায়। ডাঃ বড়ুয়ার মতে, এইসময় সকলেরই উচিত তাদের হার্টের সুস্থতা ও সার্বিক স্বাস্থ্যের দিকে নজর দেওয়া। যেহেতু বাইরে যাওয়া বা কাজকর্ম বন্ধ, সেজন্য শরীর সচল রাখার জন্য কিছু 'ইন্ডোর এক্সারসাইজ' করা উচিত। বেশিদিন ধরে অলস জীবনযাপন নানারকম রোগ ডেকে আনতে পারে। তাই, সুষম ও পুষ্টিকর খাদ্য গ্রহণ করতে হবে রোগপ্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য। মানসিক চাপ ও দুঃশ্চিন্তা হ্রাস করতে হবে। নজর রাখতে হবে শারীরিক ওজন, ব্লাড প্রেসার ও কোলেস্ট্রোল লেভেলের দিকে। বর্তমান সময়ে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের মাধ্যমে সুস্থ হার্ট ও শরীর নিশ্চিত করা সবথেকে বেশি প্রয়োজন বলে তিনি মতপ্রকাশ করেছেন।

হাওড়া

## নিজের নিরাপত্তা রক্ষী প্রত্যাহার হাওড়ার লোকসভার বিজেপি সাংসদ লকেটের



**নিজস্ব প্রতিবেদন:** বিধানসভা নির্বাচনের ফলাফল ঘোষনার পর থেকেই অশান্ত এই রাজ্য। দুষ্কৃতিদের আক্রমনের হাত থেকে বিধায়কদের বাঁচাতে বিজেপির বিধায়কদের কেন্দ্রীয় বাহিনী দিয়ে নিরাপত্তা দিচ্ছে স্বরাষ্ট্র দপ্তর। তবে বিজেপির ১৫ জন বিধায়ক এর আগে কেন্দ্রীয় নিরাপত্তা প্রত্যাহার করেছেন। এবার রাজ্যে ভোট পরবর্তী হিংসার অভিযোগ তুলে নিজের কেন্দ্রীয় নিরাপত্তা ছাড়লেন সাংসদ লকেট চট্টোপাধ্যায়। কেন্দ্রীয় নিরাপত্তা ছাড়তে চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে চিঠি লকেট চট্টোপাধ্যায়ের। তাঁকে দেওয়া কেন্দ্রীয় নিরাপত্তা তুলে নেওয়ার আর্জি জানিয়েছেন তিনি।

লকেট দেবী অভিযোগ করে বলেছেন, রাজ্য জুড়ে বিজেপির নেতা-কর্মীরা যখন আক্রান্ত হচ্ছে, তখন আমি নিরাপত্তা নিয়ে কি করব। অভিযোগ, ২ মে'র পর থেকে রাজ্যে লাগাতার হিংসার ঘটনা ঘটছে। লোকসভার বিজেপি সাংসদ লকেট এত দিন তিনি ওয়াই ক্যাটাগরির নিরাপত্তা পেতেন। তাঁকে নিরাপত্তা দেওয়ার ভার ছিল সিআইএসএফ-এর উপর। লকেটের যুক্তি, জেলায় জেলায় বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন এই অবস্থায় তিনি নিজের স্বার্থে নিরাপত্তা চান না। জানা গিয়েছে, গত রবিবারই কেন্দ্রীয় নিরাপত্তারক্ষীদের আসতে বারণ করে দিয়েছেন লকেট। বিজেপি কর্মীদের উপর তৃণমূলের অত্যাচারের অভিযোগেই তাঁর এই পদক্ষেপ। লকেট চট্টোপাধ্যায় জানাচ্ছেন, ২ তারিখে ফল ঘোষণার পরে এত কার্যকর্তা মারা গিয়েছে, এত মহিলাদের উপর অত্যাচার হয়েছে। দলের কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে পারলাম না আমি। একজন মহিলা হয়ে আমার মনে হয়েছে, আমি নিরাপত্তারক্ষী নিয়ে থাকলে আমি তাদের পাশে কোন মুখে দাঁড়াব। প্রসঙ্গত নির্বাচনের পরে অশান্তির অভিযোগকে সামনে রেখে বিজেপি তাদের ৭৫ জন বিধায়ককেই নিরাপত্তা দিতে চেয়েছিল। যদিও অন্তত ১৫ জন সেই প্রস্তাব ফিরিয়ে দলকে অস্বস্তিই দিয়েছে।

কোচবিহার

# বিজেপি ছাড়লেন ভুষন সিং

**কোচবিহার:** বিধানসভা নির্বাচনের ঠিক আগ মুহূর্তে তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করা কোচবিহার পৌরসভার প্রাক্তন পৌর প্রশাসক ভূষণ সিং, পদত্যাগ করলেন বিজেপি থেকেও। ইতিমধ্যেই দলের কোচবিহার জেলা সভানেত্রী মালতি রাভা এবং দলের রাজ্য সভাপতি দিলীপ ঘোষকে লিখিত পদত্যাগপত্র পাঠিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন তিনি। শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা জানিয়ে দেন ভূষণ সিং। তবে কোন রাজনৈতিক দলে যোগ দিচ্ছেন, তার ইঙ্গিত দেননি তিনি। বয়স হয়েছে তার, তাই রাজনৈতিকভাবে নয়, ব্যক্তিগত উদ্যোগেই মানুষের জন্য কাজ করে যাবেন নিরলসভাবে। এদিন এই বক্তব্যই তুলে ধরলেন ভূষণ সিং।

এদিন ভূষণ সিং জানান, তৃণমূল কংগ্রেস তাকে পৌর প্রশাসক এর পদে বসিয়ে ছিল, দলের অভ্যন্তরে অন্য কোন সমস্যা ছিল না। তৃণমূলের কোচবিহার শহর ব্লক কমিটির গঠনের ক্ষেত্রে তৃণমূল কংগ্রেসের কোচবিহার জেলা সভাপতির সাথে তার মতবিরোধ তৈরি হয় এবং তা নিয়ে কলকাতার দলের রাজ্য নেতা সুব্রত বক্সীর সাথে কথাও বলতে যান তিনি। কিন্তু সুব্রত বক্সি নির্বাচনের কাজে ব্যস্ত থাকায় তার সাথে দেখা করা সম্ভব হয়ে ওঠেনি ভূষণ বাবুর। এরপর ফিরহাদ হাকিম এর সাথে দেখা করার চেষ্টা করলেও তার ব্যস্ততার কারণে তার সাথে সাক্ষাৎ করতে পারেননি তিনি। এই সময় কলকাতাতেই তার সাথে দেখা হয় শুভেন্দু অধিকারীর এবং তিনি তাকে বলেন তৃণমূল দল কোচবিহার শহরের উন্নয়নের জন্য তাকে কোনরকম অর্থ সাহায্য করবে না, শুধু তাই-ই নয়, পরবর্তীতে মানুষের কাজ করবার জন্য তাকে কোনো সুযোগ দেবেনা। শুভেন্দু অধিকারী তাকে আরও বলেন, রাজ্যে ক্ষমতায় আসছে বিজেপি এবং বিজেপি দল তাকে যোগ্য সম্মান



দেবে। শুভেন্দু অধিকারীর এই আশ্বাসে মতিভ্রম হয়ে যায় তার এবং ১এপ্রিল দিনহাটায় বিজেপির জনসভা মঞ্চে শুভেন্দু অধিকারী হাত থেকে বিজেপি দলের পতাকা গ্রহণ করে বিজেপিতে যোগদান করেন তিনি।

তিনি বলেন, বিধানসভা নির্বাচনের ফলাফল প্রকাশের পর দেখা গেছে এই রাজ্যের মানুষ দুহাত ভরে আশীর্বাদ করেছে মমতা বন্দ্যোপাধ্যায়কে এবং বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে রাজ্যের ক্ষমতায় আসীন হয়েছে তৃণমূল কংগ্রেস। এই অবস্থায় বিজেপি প্রতিহিংসার রাজনীতি করছে। শুধু তাই-ই নয়, করোনা অতিমারি পরিস্থিতিতে মানুষের পাশে দাঁড়ানোর ক্ষেত্রে কোনো উদ্যোগ নেই তাদের। কোচবিহার শহর সহ প্রায় বেশিরভাগ বিধানসভা এলাকায় বিজেপির বিধায়ক এবং কোচবিহারের লোকসভার সাংসদ বিজেপি দলের থেকে নির্বাচিত হলেও এই সংকটময় পরিস্থিতিতে মানুষের পাশে দাঁড়ানোর ক্ষেত্রে কোন উদ্যোগ নেই তাদের এবং এই কাজ করবার ক্ষেত্রে তার সাথে কোন রকম ভাবে যোগাযোগ করেননি তারা। তাই মানুষের পাশে না থাকতে পেরে কার্যত নাভিশ্বাস উঠছে তার। এছাড়াও বিজেপি এই পরিস্থিতিতে তৃণমূল কংগ্রেসের শীর্ষ স্থানীয় নেতাদের সিবিআই এর মাধ্যমে হেনস্থা করছে, যা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। এসব কিছুর প্রতিবাদ জানিয়ে বিজেপি পরিত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন ভূষণ সিং।

মালদা

## বার্তা সরলাকে: 'আবর্জনাকে ফেরানো হবেনা' বললেন মৌসম নূর

**মালদা:** দল টিকেট দিলেও তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিয়েছিলেন সরলা মুর্মু। তবে কয়েক মাসের মধ্যেই মোহভঙ্গ হয়েছে। ঘরে ফেরার ইচ্ছা প্রকাশ করেছেন তিনি, কিন্তু তাকে ফেরাতে নারাজ মালদা জেলার তৃণমূল সভাপতি মৌসুম নূরের।

দলত্যাগীদের ফেরানোর উদ্দেশ্যে রাজ্যসভার সাংসদ মৌসুম নূর বলেন, " ওকে দলের ফেরানো যাবে না। অনেক আবর্জনা দল থেকে বেরিয়ে গিয়েছে তাতে দলেরই ভালো হয়েছে, উনি শুধুমাত্র ক্ষমতা, পদ আর স্বার্থের জন্য দল পরিবর্তন করেছিলেন, তা স্পষ্ট হয়ে গিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় টিকিটও দিয়েছিলেন তার সত্ত্বেও উনি দুর্নীতির বিরুদ্ধে বাজে মন্তব্য করেছিলেন, ওনার জায়গা এই দলে হবে না।" সরলা মুর্মুর মতো একাধিক নেতা নেত্রী দলত্যাগ করেছিলেন। তৃণমূল কংগ্রেসের দাবি তাদের ২৬ জন সদস্য রয়েছেন যারা সংখ্যাগরিষ্ঠ। বিজেপির দাবি জেলা



পরিষদ তাদের দখলে এবং তাদের সঙ্গে ২১জন সদস্য রয়েছে।

মালদা জেলার পরিষদের বোর্ড দখলে রাখতে ১৯ জন সদস্যের প্রয়োজন তৃণমূলের দখলে থাকবে এমনটা দাবি করেছিলেন তৃণমূল সভানেত্রী তথা রাজ্যসভার সাংসদ মৌসুম নূর। ফলে সরলা মুর্মুকে যদি ফেরানো হয় তা জেলা পরিষদে কোনো প্রভাবই ফেলবে না।

মালদা

## ভারতে আটকদের পাশে মালদহের ব্যবসায়ীরা

**মালদা:** বাংলাদেশ থেকে ভারতে এসে আটকে পড়েছেন বহু পর্যটক এবং রোগী ও তাদের আত্মীয়েরা। মালদার ইংরেজবাজার ব্লকের মহদীপুর এলাকার আন্তর্জাতিক বাণিজ্য সীমান্তে লকডাউন ঘোষণা হতেই নিজেদের দেশে ফিরে যাওয়ার অপেক্ষায় দিন গুনছেন বাংলাদেশি বহু পরিবার। ইতিমধ্যে সোমবার দুটি পরিবারকে তাদের দেশে ফেরার ছাড়পত্র দিয়েছে বাংলাদেশ সরকার বলে জানা গিয়েছে। কিন্তু এখনো আরও বেশকিছু পরিবার আটকে রয়েছে মালদার মহদীপুর আন্তর্জাতিক বাণিজ্য সীমান্তে, তারা এখন নিজেদের দেশে কোনরকমে ফিরে যাবার জন্য যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন । এই পরিস্থিতিতে অবশ্য স্থানীয় ব্যবসায়ীরাও ওইসব পরিবারগুলোর জন্য খাদ্য সামগ্রী নিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। কেবলমাত্র বাংলাদেশ সরকারের অনুমতি পত্র মিললেই দেশে ফিরতে পারছেন আটকে থাকা মানুষজন। মালদার মহদীপুর সীমান্তে তাদের কষ্ট এবং সমস্যার কথা জানিয়েছেন, প্রতিবেশী রাষ্ট্রের মানুষ জন।

বাংলাদেশের রাজশাহী জেলার বাসিন্দা মোহাম্মদ নাসিরুদ্দিন, বেশ কিছুদিন আগে সপরিবারে ভারতের ব্যাঙ্গালুরুতে চিকিৎসার জন্য এসেছিলেন। চিকিৎসা শেষ হয়ে যাওয়ার পরও সরকারি নিয়মের বেড়াজালে আটকে যান তিনি। দীর্ঘদিন বাড়ি ফিরতে পারেন নি। নানাবিধ আর্থিক সমস্যা এবং আরো বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়েছে তাকে। অবশেষে দীর্ঘ প্রতীক্ষার পর বাংলাদেশ সরকারের অনুমতি পাওয়ায়, এবারে ঘরে ফিরবেন নাসিরুদ্দিন। তিনি বলেন, তার মতো বহু মানুষ এখনও এপারে আটকে রয়েছেন। চিকিৎসার প্রয়োজনে তারা এদেশে এসে এখন দেশের বাড়িতে ফেরা নিয়ে সমস্যায় পড়েছেন।

চাঁচল

## চাঁচলে করোনা সংক্রমণের দৈনিক হার কমছে, স্বস্তি স্বাস্থ্য দপ্তরে



**চাঁচল:** লকডাউনের জেরে অনেকটাই কমেছে করোনার সংক্রমণ। যার কারণে চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালে তৈরি হওয়া নতুন করোনা বিভাগে রোগীর সংখ্যা ধীরে ধীরে কমছে। পাশাপাশি সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন অনেক রোগী। এর ফলে জেলা স্বাস্থ্য দপ্তরে কর্তাদের মধ্যে স্বস্তির নিঃশ্বাস পড়েছে। জেলা স্বাস্থ্য দপ্তরের এক কর্তা জানিয়েছেন, লকডাউনের পর থেকে সংক্রমণ অনেকটাই কমেছে। লালারসের নমুনা সংগ্রহের পর যে পরিমাণ পজিটিভ রিপোর্ট আসছিল, এখন তা অনেকটাই কমেছ, ফলে কিছুটা হলেও স্বস্তির নিঃশ্বাস এসেছে। লকডাউনের মধ্যে স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার করার জন্য মানুষকে নিয়মিত পরামর্শ দেওয়া হচ্ছে, পাশাপাশি খুব প্রয়োজন ছাড়া বাড়ি থেকে না বেড়ানো জন্য প্রচার করা হচ্ছে।

এদিকে চাঁচলে করোনা হাসপাতাল চালু হবার পর সুস্থ হয়ে বাড়ি ফিরলেন দুই করোনা রোগী। সম্প্রতি করোনা সংক্রমনের লাগাম টানতে চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতাল সংলগ্ন এলাকায় নতুন করে কোভিড হাসপাতাল চালু করে রাজ্য সরকার। হাসপাতাল চালুর দুদিন বাদেই করোনা সংক্রমণ নিয়ে ভর্তি হন নয়জন রোগী। যাদের ইতিমধ্যেই তিনজন আগেই ছাড়া পেয়েছেন।

চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার লায়েক আলি জার্দারি জানিয়েছেন, আমাদের কাছে এটি স্বস্তির খবর, ইতিমধ্যে আমরা বেশ কয়েকজন করোনা রোগীকে সুস্থ করে বাড়ি পাঠিয়েছি। বর্তমানে ৬৪ টি শয্যার মধ্যে ৭ টি শয্যায় রোগী চিকিৎসাধীন রয়েছে। তারাও শীঘ্রই সুস্থ হবে বলে হাসপাতাল কর্তৃপক্ষ আশাবাদী।

যারা আপাতত ভর্তি রয়েছে তাদের উপসর্গ হিসেবে মাথা ব্যাথা, জ্বর এবং দুর্বলভাব রয়েছে, পাশাপাশি মিশ্রভাবে শ্বাসকষ্ট রয়েছে এবং অক্সিজেন বর্তমানে উপলব্ধ রয়েছে। পর্যাপ্ত পরিমাণে চিকিৎসকদের তদারকিতে রয়েছে করোনা আক্রান্তরা।

চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার জানিয়েছেন, যাদের মধ্যে করোনার উপসর্গ দেখা দিচ্ছে , তারা বাড়িতে না থেকে যাতে হাসপাতালে চিকিৎসার জন্য আসে সেই প্রচারও স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে করা হচ্ছে।

মালদা

# লক ডাউনে সিমেন্ট বহনকারী ট্রাক আটক করলো পুরাতন মালদহ থানা

**মালদা:** লকডাউনের মধ্যে নিত্যপ্রয়োজনীয় জিনিস ছাড়া যানবাহন চলাচল বন্ধের নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। এরই মধ্যে সিমেন্ট বোঝাই লরি অবাঞ্ছিত ভাবে চলাচলের বিরুদ্ধে রাস্তায় গাড়ি আটকে বিক্ষোভ দেখালেন বেশকিছু লরির মালিকেরা। এমনকি এই ঘটনায় সংশ্লিষ্ট এলাকার স্থানীয় বাসিন্দারাও অবাঞ্ছিত ভাবে যানবাহন চলাচলের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। সোমবার সকালে ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানা মঙ্গলবাড়ী এলাকায় । ওই এলাকার রাজ্য সড়কে বিক্ষোভকারী ও স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুরাতন মালদা থানার পুলিশ । এরপরই সিমেন্ট বোঝাই লরিটি আটক করে নিয়ে যায় পুলিশ।


স্থানীয় এলাকার লরি চালকদের একাংশের বক্তব্য, করোনা সংক্রমন রুখতে রাজ্য সরকার লকডাউনের নির্দেশ দিয়েছে। এই লকডাউন পরিস্থিতিতে শুধুমাত্র নিত্যপ্রয়োজনীয় জিনিস ছাড়া কোন রকম পণ্য সামগ্রী



যানবাহনের মাধ্যমে চলাচল করবে না। কিন্তু দেখা যাচ্ছে যে প্রতিদিনই পুরাতন মালদা মঙ্গলবাড়ী রোড দিয়ে অসংখ্য লরি যাতায়াত করছে। কোনোটায় সিমেন্ট বোঝাই রয়েছে, আবার কোনোটায় অপ্রয়োজনীয় জিনিস বোঝাই করে নিয়ে যাওয়া হচ্ছে। অথচ আমাদের মতন সাধারণ লরি চালকেরা গাড়ি বন্ধ রাখায় ব্যবসায় মার খাচ্ছে। এই অবস্থায় এদিন কতগুলি সিমেন্ট বোঝাই লরি এই রাস্তা দিয়ে চলাচল করার সময় একটি গাড়ি আটক করা হয়। তারপরই সংশ্লিষ্ট থানার পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ এসে একটি সিমেন্ট বোঝাই লরি আটক করে নিয়ে গিয়েছে। বিক্ষোভকারী এক লরির মালিক সনাতন মন্ডল বলেন, রাজ্য সরকারের নির্দেশ মেনে আমরা গাড়ি বন্ধ রেখেছি। করোনা সংক্রমণ রোধে সবরকম চেষ্টা যেমন রাজ্য সরকার করছে, সেই ভাবে আমরাও সহযোগিতা করছি। কিন্তু এক শ্রেণীর অসাধু চক্র মালদার সুস্থানি মোড় এলাকার গৌড় মালদা স্টেশন থেকে সিমেন্ট জাতীয় পণ্য সামগ্রী বোঝাই করে শহরে লরি নিয়ে চলাচল করছে। এক্ষেত্রে এই ধরনের ব্যবসায়ীরা সরকারি নির্দেশ পালন না করে নিজেদের কারবার চালিয়ে যাচ্ছে। অথচ আমাদের মতন সাধারণ লরি ব্যবসায়ীরা ব্যবসায় মার খাচ্ছে। তাই এদিন সিমেন্ট বোঝাই যে পণ্যবাহী লরিটি যাচ্ছিল সেটিকে আটক করে ক্ষোভ বিক্ষোভ দেখানো হয়েছে । তারপর এই পুলিশকে খবর দেওয়া হয়।


বিক্ষোভকারী স্থানীয় একাংশ বাসিন্দারা বলেন, অপ্রয়োজনীয় ভাবে লকডাউনের মধ্যে যানবাহন চলাচলের বিষয়টি পুলিশকে কড়া নজর দিয়ে দেখা উচিৎ। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে নিত্য প্রয়োজনীয় জিনিস ছাড়া অবাঞ্চিত ভাবে কিছু লরি অন্যান্য যানবাহন চলাচল করছে। লকডাউনের মধ্যে এই পরিস্থিতি কোনরকম ভাবে মেনে নেওয়া যায় না। যেখানে রাজ্য সরকার মানুষকে লকডাউনের মধ্যে ঘর বন্দী হয়ে থাকতে বলছে। সচেতন এবং সজাগ থাকার পরামর্শ দিচ্ছে।

## এবার ছোট পর্দায় আসতে চলেছেন রনবীর



**নিজস্ব প্রতিবেদন:** দশ বছরের আগে বলিউডে পদার্পণ করেছিলেন তিনি। বলিউডের অতি জনপ্রিয় ও পরিচিত মুখ তিনি। বলিউডে পা রাখার পর র পেছন ফিরে তাকাতে হয়নি তাকে আজ সাফলের উচ্চশিখরে এই অভিনেতাকে। বলিউডের প্রথম সারির তারকাদের মধ্যে এইমুহূর্তে অন্যতম নাম রয়েছে রণবীর সিংয়ের। ২০১০ সালে 'ব্যান্ড বাজে বারাত ' ছবির মাধ্যমে অনুষ্কা শর্মার সঙ্গে জুটি বেঁধে বলিউডে পা রেখেছিলেন রণবীর সিং। সঞ্জয় লীলা বনশালির পরিচালনায় ' রাম লীলা',' বাজিরাও মাস্তানি', 'পদ্মাবৎ'-এর মতো ছবিতে রণবীরের অভিনয় তাঁকে তুলে নিয়ে গেছে জনপ্রিয়তার শিখরে। এবার ছোটপর্দাতেও 'ডেবিউ' করতে চলেছেন তিনি। রণবীর সিং এবার টেলিভিশনে। খুব শীঘ্রই অভিষেক হবে এই তারকার। টেলিভিশনে একটি কুইজ রিয়েলিটি শোয়ের মাধ্যমে রণবীর সিং ছোটপর্দায় কাজ শুরু করতে চলেছেন। উল্লেখ্য, এইমুহূর্তে হাতে পরপর বেশ কয়েকটি 'প্রজেক্ট' রয়েছে রণবীরের। গত এপ্রিল মাসে নেটমাধ্যমে তিনি জানিয়েছিলেন 'রোবট' ছবি খ্যাত পরিচালক শঙ্করের পরবর্তী ছবিতে তিনি মুখ্যভূমিকায় অভিনয় করছেন। এছাড়াও রণবীরের ঝোলায় মুক্তির অপেক্ষায় রয়েছে রোহিত শেট্টি পরিচালিত 'সার্কাস' এবং 'সূর্যবংশী'. রয়েছে পরিচালক কবীর খানের '৮৩'।

## আবারও সাহায্যের হাত বাড়ালেন আক্কি



**নিজস্ব প্রতিবেদন:** করোনার দ্বিতীয় ঢেউয়ে ক্ষতিগ্রস্ত দেশ। প্রাণ গেছে বহু মানুষের। চারিদিকে শুধু হাহাকার চিত্র। এই পরিস্থিতিতে এর আগেও বহুবার সাহায্যের হাত বাড়িয়েছেন তিনি। কঠিন পরিস্থিতির আবারও মানুষের পাশে দাঁড়ালেন বলিউড সুপারস্টার অক্ষয় কুমার। করোনায় ক্ষতিগ্রস্ত বলি ইন্ডাস্ট্রির নৃত্যশিল্পীদের পাশে দাঁড়ালেন খিলাড়ি। জানা গিয়েছে, লকডাউনে প্রায় ৩৬০০ নৃত্যশিল্পীকে সাহায্য করবেন তিনি। নৃত্যশিল্পীদের রেশনের ব্যবস্থা করলেন তিনি। নৃত্যশিল্পীদের রেশনের ব্যবস্থা করে মহত্ত্বের পরিচয় দিয়েছেন অক্ষয়। এই তালিকায় রয়েছে ১৬০০ জুনিয়ার কোরিওগ্রাফার ও বয়ষ্ক নৃত্যশিল্পী এবং ২০০০ ব্যাকগ্রাউন্ড আর্টিস্ট। আর যারা রেশন নিতে চান না, তাঁরা টাকাও নিতে পারবেন। এই সিদ্ধান্ত পুরোপুরি তাঁদের ওপর ছেড়ে দেওয়া হয়েছে। এর আগে টুইঙ্কল ও অক্ষয় করোনা অতিমারীর বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করতে ১০০ অক্সিজেন কনসেনট্রেটর দান করছেন।

# প্রথমবার নিজের কণ্ঠে গাইলেন ঋতাভরী



**নিজস্ব প্রতিবেদন:** অভিনয়ের পাশাপাশিই খুব ভালো গানও তিনি করেন জানা ছিলো না অনেকেরই। সকলের মন ছুয়ে গেল তার নিজের কণ্ঠের গান। সোশ্যাল মিডিয়ায় গায়িকা হিসেবে হাজির হলেন টলিউডের অন্যতম জনপ্রিয় ও সকলের পরিচিত মুখ ঋতাভরী চক্রবর্তী। মুক্তি পেল তার প্রথম হিন্দি সিঙ্গল। বৃষ্টির দিনের কথা মাথায় রেখে ভক্তদের মন ভাল করার গান উপহার দিলেন ঋতাভরী। মুক্তি পেয়েছে তাঁর লেখা ও অভিনীত প্রথম হিন্দি গানের মিউজিক ভিডিয়ো 'সাভন'। গানটির থিম বর্ষার রোম্যান্টিকতা। 'থাপ্পড়' সিনেমা খ্যাত অভিনেতা পাভেল গুলাটির সঙ্গে মিউজিক ভিডিয়োতে জুটি বেঁধেছেন তিনি। গানের অভিনেত্রীর সঙ্গে গলা মিলিয়েছেন বলিউডের প্রখ্যাত সংগীতশিল্পী, গীতিকার, সংগীত পরিচালক স্বানন্দ কিরকিরে।

নিজের ইন্সটাগ্রাম হ্যান্ডেলে গানের একটি ক্লিপ শেয়ার করেন অভিনেত্রী। গানে এক গৃহবধূর বিরহের গল্প উঠে আসলেও, শেষে কিন্তু মনের মানুষকে ফিরে পাওয়ার আনন্দ দেখা গেছে। অনুরগীদের জন্য প্রাক বর্ষার উপহার নায়িকার। আর এই ভিডিও সোশ্যাল মিডিয়ায় উঠে আসতেই নজর কেড়েছে নেটিজেনদের। মুহূর্তে ভাইরাল হয় সোশ্যাল মিডিয়ায়।

# আদিত্যের হাত ধরে আসছে নতুন বিনোদনের প্ল্যাটফর্ম




**নিজস্ব প্রতিবেদন:** গত কয়েক বছর ধরে বিনোদনের দুনিয়ায় নিদারুণ পরিবর্তন এসেছে ওটিটি প্ল্যাটফর্মের হাত ধরে করে। যা এই করোনা মহামারীর পরিস্থিতিতে মানুষকে আরও বেশি করে ঠেলে দিয়েছে। এক বছরেরও বেশি সময় ধরে কোরোনার জেরে বন্ধ বিভিন্ন মাল্টিপ্লেক্স ও সিনেমা হল। আর খোলা থাকলেও মানুষ এই পরিস্থিতিতে বেশি পছন্দ করছে ওটিটি প্ল্যাটফর্মকেই। ছবির চিত্রনাট্য ও তা পেশ করার আঙ্গিক, দুই ক্ষেত্রেই পরিবর্তন আনার অন্যতম কারিগর এই মাধ্যম। ২০১২ সালে দেশে মাত্র ২টি ওটিটি প্ল্যাটফর্ম থাকলেও বর্তমানে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৪০-এ।

এবার জানা গেল বলিউডের বৃহত্তম ছবি নির্মাতা সংস্থা 'যশ রাজ ফিল্মস' পা রাখতে চলেছে ওটিটি দুনিয়ায়। এই নিয়ে নাকি জোরদার পরিকল্পনা শুরু করে দিয়েছেন যশ রাজ ফিল্মস-এর কর্ণধার আদিত্য চোপড়া। যশ রাজ ফিল্মসের ব্যানারের অধীনে একটি পৃথক ডিজিটাল বিভাগ গঠন করতে প্রস্তুত আদিত্য চোপড়া। নিজস্ব ওটিটি প্ল্যাটফর্ম চালু করার পাশাপাশি অন্যান্য একাধিক ওটিটি প্ল্যাটফর্মগুলোতে ছবি ও শো প্রযোজনার দায়িত্ব নেবেন আদিত্য। পাশাপাশি রীতিমতো বড়সড়ভাবেই নাকি নিজেদের সংস্থার এই ওটিটি প্ল্যাটফর্ম লঞ্চ করবেন আদিত্য চোপড়া।

# ফের চর্চায় 'ইন্ডিয়ান আইডল': প্রতিযোগীদের অকারণ প্রশংসা মানতে পারবো না, বললেন সুনিধি



**নিজস্ব প্রতিবেদন:** প্রায় দিনই বিতর্কে রয়েছে ইন্ডিয়ান আইডল। পক্ষে-বিপক্ষে বহু তারকা বিচারকরা মত দিচ্ছেন। জল ঘোলা শুরু হতেই প্রথমেই মুখ মুখ খুলেছিলেন অমিত কুমার। এবার বলিউড সংবাদমাধ্যমের দ্বারা মতামত জানাবেন সুনিধি চৌহান। সুনিধি গানের রিয়েলিটি শো-এর ৫ম, ৬ষ্ঠ পর্বের বিচারক ছিলেন।তার দাবি তাকেও চ্যানেল কর্তৃপক্ষ প্রতিযোগীদের অকারণ প্রশংসা করার কথা বলেছিলেন কিন্তু তিনি তা মানতে পারেনি। তাই গানের রিয়েলিটি শো এর বিচারকের আসন ছেড়েছেন।

সুনিধির মন্তব্য, "প্রতিযোগী এবং টিআরপি ধরে রাখাই মূল উদ্দেশ্যে তাঁদের। তাই আমাকে বা অন্য বিচারকদেরও একই প্রস্তাব দিয়েছেন তাঁরা।" তিনি আরো বলেন চ্যানেল কর্তৃপক্ষ নাকি তাকে বলেছিলেন প্রতিযোগীদের ঢালাও প্রশংসা করতে যাতে তারা খুশি হয় এবং দর্শকদেরও আকর্ষণ বাড়ে। রিয়েলিটি শো টি নিয়ে প্রত্যেকেরই নানান অভিযোগ অভিজিৎ সবন্ত কিছুদিন আগেই বলেছিলেন, প্রতিভার থেকে প্রতিযোগীর ব্যক্তিত্ব জীবন শো এর জনপ্রিয়তা বাড়াতে বরাবরই গুরুত্ব পেয়ে এসেছে।

সুনিধির কথায়, তিনি প্রতিযোগিতার ঢালাও প্রশংসা করতে পারবেন না, চ্যানেলের তরফ থেকে। তাই একটা সময় তাকে সরে আসতে হল।

# অবশেষে পুলিশের হাতে গ্রেফতার 'কুইনের' বিতর্কিত দেহরক্ষী



**নিজস্ব প্রতিবেদন:** মিথ্যা বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাস করার অভিযোগে গ্রেপ্তার হলেন বলিউডের বিতর্ক কুইন কঙ্গনা রানাওয়াতের দেহরক্ষী। শনিবার রাতে কুমার হেগড়ে নামক ওই দেহ রক্ষীকে গ্রেপ্তার করে মুম্বাই পুলিশ। সম্প্রতি মুম্বাইয়ের দি এন নগর থানায় অভিযুক্তের বিরুদ্ধে মামলা দায়ের করে এক মহিলা। সেই মামলার জেরেই এদিনের গ্রেপ্তার বলে পুলিস সুত্রে জানা গেছে। ভারতীয় দণ্ডবিধির ৩৭৬, ৩৭৭ এবং ৪২০ ধারায় মামলা রুজু হয়েছে কুমার হেগড়ের বিরুদ্ধ।

বিয়ের প্রতিশ্রুতি দিয়ে শারীরিক সম্পর্ক স্থাপন করার পর কুমার পালিয়ে আসে তার গ্রামে। অভিযুক্তর বিরুদ্ধে দায়ের করা এফআইআর-এ দাবি করা হয় ২০২০ সালের জুন মাসে ওই মহিলাকে বিয়ে করার প্রতিশ্রুতি দেয় কুমার হেগড়ে। অভিযুক্তের বিরুদ্ধে নির্যাতিতার কাছ থেকে, পঞ্চাশ হাজার টাকাও নিয়েছে বলে এফআইআরের কপিতে উল্লেখ রয়েছে। তারপর থেকেই বেপাত্তা ছিল সে।

অন্যদিকে, ভোট পরবর্তী বাংলায় হিংসায় উস্কানি দেওয়ার অভিযোগে সরাসরি বলিউড কুইনের নামে উল্টোডাঙা থানায় এফআইআর দায়ের করেন তৃণমূলের মুখপাত্র ঋজু দত্ত। বাংলার মুখ্যমন্ত্রী সম্পর্কে সোশ্যাল মিডিয়ায় কুরুচিকর, বিভ্রান্তিমূলক তথ্য দেওয়ার মতো অভিযোগের উল্লেখ রয়েছে এফআইআর-এ।


# সুশান্ত মৃত্যুর ঘটনায় গ্রেফতার



**নিজস্ব প্রতিবেদন:** বছর ঘুরতে চলল তার মৃত্যু ঘটনা। গতবছর এমন সময় তার অস্বাভাবিক মৃত্যু ঘটনায় তোলপাড় হয়েছিল গোটা বিশ্ব। সাধারণ মানুষ থেকে বলিউড একাধিক অভিযোগে তোলপাড় হয়েছিল সোশ্যাল মিডিয়া। তিনি আর কেউ নন বলিউডের জনপ্রিয় ও পরিচিত মুখ অভিনেতা সুশান্ত সিংহ রাজপুত। বছর ঘুরতেই ফের শিরোনামে সুশান্তের মৃত্যুর ঘটনা। এবার এই মৃত্যুর তদন্তে গ্রেফতার করা হল প্রয়াত অভিনেতার রুমমেট সিদ্ধার্থ পিঠানিকে। হায়দরাবাদ থেকে শুক্রবার তাঁকে গ্রেফতার করে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো। তাঁকে পাঁচ দিনের হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের প্রক্রিয়া শুরু করেছেন গোয়েন্দারা। ইতিমধ্যেই মুম্বইয়ে আনা হয়েছে অভিযুক্ত সিদ্ধার্থকে।

উল্লেখ্য, সুশান্তের মৃত্যু হয় ২০২০-র জুন মাসে। গত বছর ১৪ জুন বান্দ্রায় নিজের অ্যাপার্টমেন্ট থেকে উদ্ধার হয় প্রয়াত অভিনেতা সুশান্ত সিং রাজপুতের ঝুলন্ত দেহ। অভিনেতার প্রথম মৃত্যুবার্ষিকীর আগেই সুশান্ত মৃত্যু মামলায় সিদ্ধার্থ পাঠানিকে গ্রেফতার করা হল। সুশান্তের মৃত্যুর পর থেকে তাঁর বহু বন্ধুই ছিল পুলিশের নজরে। সকলের জবানবন্দি নেয় পুলিশ। এদের মধ্যে অন্যতম ছিলেন সিদ্ধার্থ পাঠানি। একই বাড়িতে থাকার ফলে, তিনিই প্রথম সুশান্তের ঝুলন্ত দেহ দেখতে পান এবং পুলিশ এবং হাসপাতালে খবর দেন।

# করোনামুক্ত 'টুম্পা': আইসোলেশন ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরলেন অভিনেত্রী সুমনা দাস



**নিজস্ব প্রতিবেদন:** করোনামুক্ত হয়ে স্বাভাবিক জীবনে ফিরে এলেন অভিনেত্রী সুমনা দাস। লকডাউনে বাড়িতেই রয়েছেন টুম্পা খ্যাত অভিনেত্রী। তাই নিজে সুস্থ হওয়ার খবর সোশ্যাল মিডিয়ায় অনুরাগীদের সঙ্গে ভাগ করলেন।

অসুস্থ বোধ করতেই অভিনেত্রী কাজ থেকে বিরতি নিয়ে বাড়িতে ফিরছিলেন, এরপরই তার রিপোর্ট পজিটিভ আসে। সেই থেকেই অভিনেত্রী ঘরবন্দী। তিনি বলেছেন, 'কোভিড পরিস্থিতিতেও আমি কাজ করেছি। কিন্তু সমস্ত নিয়ম খুব কঠোরভাবে মেনে চলেছি। সবসময় স্যানিটাইজার, মাস্ক ব্যবহার করেছি। ভাবতে পারিনি আমার কোভিড হবে। টেস্ট রিপোর্ট পজিটিভ আসায় খুব ভেঙে পড়েছিলাম। সবচেয়ে ভয় হয়েছিল মা-বাবার জন্য। একই বাড়িতে ছিলাম। ওনারা ২জনেই অসুস্থ। তবে খুব নিয়ম মেনেই আইসোলেশন কাটিয়েছি। মা-বাবাকে ছুঁতে পারেনি কোভিড।'

অনেকেই কোভিড হলে আতঙ্কিত হয়ে পড়েন , কিন্তু তিনি বলেন এই সময় ভয় না পেয়ে জীবনটাকে নিয়মে বাধা উচিত , আমার খাওয়া পরিষ্কার থাকা এসব করলেই রোগ প্রতিরোধ ক্ষমতা অনেকটা বেড়ে যায় কারণ করোনার জন্য এখনও কোনো ওষুধ নেই। তিনি অনুরোধ করেন এই সময় যতটা পারেন মানুষের পাশে দাঁড়ান, কারণ সময়টা শো- অফের নয়, সাহায্যের।

# রুপোলি পর্দার পরিচিত মুখ হয়েও কাজ নেই অভিনেত্রীর



**নিজস্ব প্রতিবেদন:** বাঙালি মেয়ে সুমনা চক্রবর্তী । প্রথম থেকেই বলিউডে নিজের জায়গা তৈরির লড়াই করছেন তিনি। বাঙালি অভিনেত্রীকে মুম্বই ইন্ডাস্ট্রিতে পায়ের মাটি শক্ত করতে লড়তেও কম হয়নি। টেলিভিশনের জনপ্রিয় অভিনেত্রী সুমনা চক্রবর্তী। 'দ্য কপিল শর্মা' শো থেকে দারুণ জনপ্রিয়তা পেয়েছেন তিনি। জনপ্রিয় সেই শোয়ে কখনও সরলা, আবার কখনও বা মঞ্জু হিসেবে ধরা দেন তিনি। বর্তমানে এই বাঙালি অভিনেত্রী কর্মহীন। সঙ্গে দীর্ঘ ১০ বছর ধরে লড়ছেন এন্ডমেট্রোওসিস নামক একটি জরায়ু ঘটিত রোগের সঙ্গে। সম্প্রতি সোস্যাল মিডিয়ায় অভিনেত্রী তুলে ধরেছেন নিজের এই সমস্যার গুলির কথা।

টেলিভিশনে হিন্দি সিরিয়াল দিয়েই নিজের যাত্রা শুরু করেন তিনি। 'কসম সে', 'বড়ে আচ্ছে লাগতে হ্যায়'-র মতো ধারাবাহিকে কাজ করে নিজের দক্ষতা প্রমাণ করেছেন সুমনা। এক দশকেরও বেশি সময় ধরে ইন্ডাস্ট্রিতে রয়েছেন। তবে আপাতত কর্মহীন সুমনা। সুমনার এই পোস্টে বহু মানুষ কমেন্ট করেছেন। তাঁর মনের জোরকে কুর্নিশ জানিয়েছেন। সকলেই চাইছেন যাতে অভিনেত্রী এই খারাপ সময় কাটিয়ে উঠতে পারেন। মহারাষ্ট্রে করোনা পরিস্থিতির জন্যে বিগত ১ মাস বন্ধ রয়েছে শুটিং। ফলে বর্তমানে লড়তে হচ্ছে কর্মহীনতার সঙ্গেও।

# কিছুটা শিথিল হল বিধিনিষেধ

**নিজস্ব প্রতিবেদন:** করোনা মোকাবিলায় বাংলায় বিধিনিষেধে কিছুটা ছাড় দেওয়া হল। কার্যত লকডাউনে আংশিক ছাড় ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আগামী ১৫ জুন পর্যন্ত রাজ্যে কড়া বিধিনিষেধের ঘোষণা করা হয়েছিল। তবে এবার তা কিছুটা লাঘব করল রাজ্য সরকার। আংশিক ছাড় দেওয়া হচ্ছে খুচরো দোকানকে। সোমবার নবান্নে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন বেলা ১২টা থেকে ৩টে পর্যন্ত খুচরো বাজারের (রিটেল মার্কেট) দোকান খোলা থাকবে। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ১০ শতাংশ কর্মী কাজ করতে পারবেন। কোনও নির্মাণ সংস্থা যদি নিজেদের



কর্মীদের ভ্যাকসিন দিয়ে কাজ শুরু করতে চায়, তাদের ছাড় দেওয়া হবে। আগামী ১৬ তারিখ পর্যন্ত জারি থাকবে বিধিনিষেধ। বাধ্যতামূলক।

রাজ্যে জারি হওয়া বিধিনিষেধের জন্য বন্ধ রয়েছে ট্রেন, বাস এবং মেট্রো পরিষেবা। বিধিনিষেধের ফলে রাজ্যে সংক্রমণ কিছুটা কমেছে। তাই এই সিদ্ধান্ত। উল্লেখ্য, করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ মোকাবিলায় গত ১৫ মে রাজ্যে বিধিনিষেধে আরও কড়াকড়ি করা হয়। তা কার্যত লকডাউন। এরপর এই লকডাউনের মেয়াদ ১৫ জুন পর্যন্ত বাড়ানো হয়। প্রথম দফায় ১৬ মে থেকে ৩০ মে পর্যন্ত কার্যত লকডাউন ঘোষণা করেছিল নবান্ন। এরপর তা বাড়িয়ে ১৫ জুন পর্যন্ত করা হয়।

## দুঃস্থ পরিবারের হাতে খাদ্য সামগ্রী তুলে দিল কালিয়াগঞ্জ পুরসভা



**নিজস্ব প্রতিবেদন:** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ পুর এলাকার দুঃস্থ পরিবারের হাতে খাদ্য সামগ্রী সহায়তা তুলে দেবার কাজ শুরু করলো পুরসভা। সম্প্রতি কালিয়াগঞ্জ পুরসভার এই মানবিক উদ্দ্যোগের সূচনা করেন উত্তর দিনাজপুর জেলা পরিষদের কো-মেন্টর অসীম ঘোষ। কালিয়াগঞ্জ পুরসভার প্রশাসক শচীন সিংহরায় এবং প্রশাসক মন্ডলীর সদস্য কমল ঘোষ, ঈশ্বর রজক, বসন্ত রায় ও রাজীব সাহা উপস্থিত ছিলেন এই মানবিক উদ্দ্যোগের সূচনায়। কালিয়াগঞ্জ পৌর এলাকার ১৭ টি ওয়ার্ডের অধিনে প্রায় ১৩ হাজার দুঃস্থ পরিবার পাবে এই খাদ্য সামগ্রী সহায়তা। করোনা বিধি মেনে ১৫০০ পরিবারের হাতে খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়। ওয়ার্ড ভিত্তিক এই খাদ্য সামগ্রী বিলির কাজ চলবে এক সপ্তাহ ধরে। দ্বিতীয় দফার করোনা সংক্রমণ মোকাবিলায় রাজ্যে নতুন করে লাগু হয়েছে সরকারি বিধিনিষেধ। এই বিধিনিষেধের যাঁতাকলে কর্মহীন হয়েছে প্রচুর দিনআনা দিন খাওয়া পরিবার। রোজগার হাড়ানো কালিয়াগঞ্জ শহরের এমনি দুঃস্থ পরিবারের জন্য খাদ্য সামগ্রী সহায়তা প্রদানের এই মানবিক উদ্দ্যোগ নিয়েছে পুরসভা। বিগত বছরে করোনার থাবায় লকডাউনের সময় শহরের দুঃস্হ পরিবারের হাতে খাদ্য সামগ্রী তুলে দিয়েছিল কালিয়াগঞ্জ পুরসভা। শনিবার সকালে কালিয়াগঞ্জ পুরসভার তরফে খাদ্য সামগ্রী সহায়তা বিলির সুচনা করে পুরপ্রশাসক শচীন সিংহরায় জানান এবারে চাল, ডাল, আলু, পেঁয়াজ, তেল, লবন, আটা, সোয়াবিন, বিস্কুট সহ মোট ১২ পদের খাদ্য সামগ্রী দেওয়া হচ্ছে। এতে শহরের দুঃস্হ পরিবারগুলো কিছুটা স্বস্তি পাবে এই সংকটের সময়ে। কালিয়াগঞ্জ পুরপ্রশাসক শচীন সিংহরায় বলেন নতুন করে করোনার বাড়বাড়ন্ত সামাল দিতে সরকারি বিধিনিষেধের জন্য গরীব মানুষের কষ্ট হচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা, মাটি, মানুষের সরকারের একমাত্র লক্ষ্য বাংলার প্রতিটি মানুষের সুখেদুখে পাশে দাড়ানো। বর্তমান পরিস্থিতিতে খেটে খাওয়া মানুষের হাতে নগদ অর্থের যোগান নেই। ফলে ডাল, ভাত, যোগার করাই এখন বহু পরিবারের কাছে কষ্টের। এই পরিস্থিতির কথা মাথায় রেখে কালিয়াগঞ্জ পুরসভা পরিচালনার দায়িত্বে থাকা প্রশাসক বোর্ডের সিদ্ধান্ত শহর এলাকার সকল দুঃস্থ পরিবারের পাশে দাড়ানো।

## দুই বাংলাদেশী যুবতিকে উদ্ধার করল নিউ জলপাইগুড়ি রেলওয়ে পুলিশ



**নিজস্ব প্রতিবেদন:** শনিবার কাঞ্চনজঙ্গা এক্সপ্রেস থেকে তিন সন্দেহভাজনকে গ্রেফতার করে নিউ জলপাইগুড়ি রেলওয়ে পুলিশ। রেল পুলিশ সূত্রে পাওয়া খবর অনুযায়ি, রেগুলার রুটিং চেকিং এ ধৃতদের আটক করা হয়েছে। ধৃতদের চলাফেরায়, সন্দেহ হয় পুলিশের। জিজ্ঞাসাবাদ করতেই, কান্নায় ভেঙে পরে দুই যুবতি। জাহিরুল ইসলাম, রিকিয়া ও আজিদা নামক তিনজনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে পুলিশ। অসমের বদরপুর থেকে কোলকাতা শিয়ালদহের উদ্দেশ্যে যাওয়ার পথেই, আটক করা হয়। ধৃত জাহিরুল অসমের বাসিন্দা পরিচয় দেয়। বাংলাদেশ কক্সবাজারের ঐ দুই যুবতির সাথে সোস্যাল সাইটের পরিচয় হয়েছে বলে জানায় সে। কোলকাতার এক হাতে তুলে দেওয়ার পরিকল্পনা ছিল তার। বিনময়ে মোটা টাকা রফা হলেও, বেশ কিছু অগ্রিম টাকা পায় জাহিরুল। জিজ্ঞাসাবাদে জহিরুল আরও জানায়, রিকিয়া ও আজিদা চলতি মাসেই আসাম-বাংলাদেশ সিমান্ত করমগঞ্জ দিয়ে, এদেশে ঢোকে। দুজনের ধৃত দুই যুবতির নকল পরিচয়পত্র সহ সমস্ত নথি তৈরি করে দেয় জাহিরুল। ধৃতদের কাছ থেকে ভুয়ো আধার কার্ড বাজেয়াপ্ত করেছে পুলিশ। জাহিরুল অসমের বাসীন্দা কিনা, সেনিয়েও সন্দেহ প্রকাশ করেছে রাজ্য গোয়েন্দা দফতরের আধিকারিকেরা।

## কমিটি গঠন: বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসার কারন সন্ধানে



**নিজস্ব প্রতিবেদন:** সবদিক বিবেচনা করে ভোট পরবর্তী হিংসার ঘটনায় পদক্ষেপ করল কলকাতা হাই কোর্ট। বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসা নিয়ে জলঘোলা কম হয়নি। ভোট পরবর্তী অশান্তির জেরে ঘর ছাড়া মানুষদের ফেরাতে এবার নতুন কমিটি গঠন করল কলকাতা হাইকোর্টের বৃহত্তর বেঞ্চ। ভোট পরবর্তী হিংসা নিয়ে বড় রায় দিল কলকাতা হাইকোর্ট। মঙ্গলবার সকাল ১১টার মধ্যে এই কমিটি গড়তে হবে। জানানো হবে কত মানুষ ঘরে ফিরতে পারেননি। এই কমিটিতে থাকবেন রাজ্য ও কেন্দ্রের মানবাধিকার কমিশনের সদস্য ও রাজ্য লিগ্যাল সার্ভিস কমিটির সদস্য।

এই কমিটি ঘরছাড়াদের বাড়ি ফেরাতে সাহায্য করার সঙ্গেই হাইকোর্টের কাছে রিপোর্টও জমা দেবে। আদালত জানিয়েছে যে, যারা ভোট পরবর্তী হিংসার পর ঘরছাড়া তাঁদের রাজ্যের লিগান সার্ভিস কর্তৃপক্ষকে একটি মেল পাঠাতে হবে। এরপর সেই মেলের ভিত্তিতে থানাগুলিকে প্রয়োজনে কমিটির সঙ্গে যোগাযোগ করতে হবে। স্থানীয় থানার সঙ্গে সমন্বয় সাধন করেই ঘর ছাড়াদের ফেরানো হবে বলে উল্লেখ করা হয়েছে। পরিচয়পত্র দেখার পরেই ঘরে ফেরানো হবে সংশ্লিষ্ট ব্যক্তিদের।

গত ২ মে বিধানসভা নির্বাচনের ফলপ্রকাশ হয়। তারপর থেকে রাজ্যে হিংসার আবহ তৈরি হয়েছে বলে অভিযোগ। রাজনৈতিক হিংসার এই ঘটনায় বিশেষ তদন্তকারী দলকে দিয়ে তদন্তের আবেদন জানানো হয়। সুপ্রিম কোর্টে এই মর্মে একটি জনস্বার্থ মামলাও দায়ের হয়। সেই মামলার পরিপ্রেক্ষিতেই কেন্দ্র ও রাজ্য সরকারকে নোটিস দেওয়া হয়।

পূর্বোত্তর
১৯৯৬ সন থেকে প্রকাশিত
উত্তর-পূর্বের অগ্রণী বাংলা পাক্ষিক পত্রিকা

ADVERTISEMENT TARIFF
With effect from 1st April 2021

☎ : 0353-2431015, : 9593200246
e-mail : contact@purbottar.in, www.purbottar.in

PURBOTTAR
Since 1996
Bengali fortnightly from Cooch Behar

MECHANICAL DATA:

| | |
|---|---|
| Print area | : 34 CM X 245 CM |
| Width of columns | : 4 CM |
| Length of the columns | : 34 CM |
| Columns per page | : 6 |
| Space between columns | : 0.2 CM |
| Printing process | : OFFSET |
| Number of pages | : 8 |

Advertisement materials are required in digital format & file in- .pdf/.tif format.

ADVERTISEMENT RATE

| | |
|---|---|
| B/W Display/Tender | : 65.00 per sqcm. |
| Colour Display/Tender | : 85.00 per sqcm. |
| Classified Display | : 24.00 per sqcm. |
| Classified | : Rs. 5 per Words |
| Ear Panel in Colour | : 250.00 per insertions (4cm x 4cm) |
| Annual Advertisements | : B/W 25.00 & Colour 30.00 per sqcm. |
| Premium | : 50% Extra for Front Pages |

Minimum Size of Advertisements:-

| | |
|---|---|
| Front page Advertisements | : 80 sqcm. |
| Other pages | : 20 sqcm. |

ABOUT US:

Purbottar is a popular Bengali Forthnightly published from Cooch Behar, Since 1996 with following details:

| | |
|---|---|
| Formate | : Tabloid |
| Registration Number | : 71057/96 |
| Language | : Bengali |
| Place of Publication | : Dawaguri, Kolerpar, Cooch Behar |
| Publishing Day | : Every Alternate Friday |
| Circulation | : 15239 copies per issue |
| Editor, Publisher & Printer | : Sandipan Pandit |
| Price of Regular Issue | : Rs. 3.00 |

CONTACTS:

BUSINESS OFFICE:
16, Bidhan Road, 1st Floor, Opp. Gostho Paul Statue
Siliguri-734001, West Bengal, Tele-Fax: 0353-2431015

Registered Office & Published From:
P.O.+Vill: Dawaguri, Kolerpar, Cooch Behar-736156
West Bengal, Mobile: 9593200246

Editorial Office:
5, Tribitta Sarani, P.O.+Dist.: Cooch Behar
West Bengal-736156, Mobile: 9434803210



# ভ্যাকসিন নিয়ে গ্যালারিতে বসেই IPL উপভোগ করতে পারবেন দর্শকরা

**নিজস্ব প্রতিনিধি:** করোনার চোখ রাঙানি উপেক্ষা করে মাস তিনেক পরই ফের শুরু হবে স্থগিত হওয়া আইপিএল। চলতি বছর ভারতের মাটিতে দর্শকশূন্য স্টেডিয়ামেই খেলেছেন কোহলি-রোহিত-ধোনিরা। কিন্তু আমিরশাহীতে কি ছবিটা বদলাবে? গ্যালারিতে বসে কি কুড়ি-বিশের লড়াই উপভোগ করতে পারবেন দর্শকরা? শোনা যাচ্ছে, স্টেডিয়ামে দর্শক ঢোকার অনুমতি দিতে পারে এমিরেটস ক্রিকেট বোর্ড। তবে একটি বিশেষ শর্ত রয়েছে।

করোনার দাপটে মাঝপথেই থমকে গিয়েছিল আইপিএল ১৪। একাধিক ক্রিকেটার মারণ ভাইরাসে আক্রান্ত হওয়ায় টুর্নামেন্ট স্থগিতের সিদ্ধান্ত নেয় ভারতীয় ক্রিকেট বোর্ড (ইঈঈও)। তারপর থেকেই জোর জল্পনা শুরু হয়ে যায়। চলতি বছর কি স্থগিত হওয়া আইপিএল আয়োজিত হবে? হলে কোথায় বসবে আসর? রবিবার সেসব কৌতূহল দূর করেন খোদ বিসিসিআই




সহ-সভাপতি রাজীব শুক্লা। জানিয়ে দেন, আগামী সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহেই সংযুক্ত আরব আমিরশাহীতে হবে টুর্নামেন্টের বাকি ম্যাচগুলি। ফাইনাল অক্টোবরে। কিন্তু করোনা আবহে কি ফাঁকা মাঠেই হবে খেলা? একটি ইংরাজি সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, দর্শকদের মাঠে ঢোকার অনুমতি দেওয়া হতে পারে। তবে যাঁরা করোনা ভ্যাকসিন নিয়েছেন, তাঁরা হয়তো প্রবেশ করতে পারবেন।

গত বছর ভারতে করোনার দাপটে স্তব্ধ হয়ে গিয়েছিল খেলার দুনিয়া। স্থগিত ও বাতিল হয়ে যায় একের পর এক সিরিজ। স্থগিত হয় আইপিএলও। পরে আমিরশাহীতে টুর্নামেন্ট আয়োজনের সিদ্ধান্ত নিয়েছিল বিসিসিআই। এবং অতিমারী আবহে সফলভাবেই হয় টুর্নামেন্ট। তবে সব ম্যাচই হয়েছিল দর্শকশূন্য মাঠে। তবে এবার স্টেডিয়ামে ৫০ শতাংশ দর্শক উপস্থিত থাকতে পারেন। আমিরশাহী বোর্ডের এক কর্তা নাকি জানিয়েছেন, টিকা নিয়েছেন, এমন ক্রিকেটপ্রেমীদের নিয়ে ভরতে পারে ৫০ শতাংশ গ্যালারি।

মাঠে দর্শককে অনুমতি দেওয়া নিয়ে এমিরেটস বোর্ডের সঙ্গে আলোচনা চালাচ্ছে বিসিসিআই। যেহেতু সেখানে বেশিরভাগ মানুষই ভ্যাকসিন পেয়ে গিয়েছেন, তাই অর্ধেক গ্যালারি দর্শকে ভরতেও পারে বলে খবর। যদিও দুই বোর্ডের তরফে এখনও এ ব্যাপারে কোনও ঘোষণা হয়নি।

## এবার মেসির সঙ্গে ক্লাবেও খেলবেন সের্জিও আগুয়েরো

জল্পনা সত্যি হলো। ইংল্যান্ড ছেড়ে স্পেনে চলে এলেন সের্জিও আগুয়েরো। লিওনেল মেসির জাতীয় দলের সতীর্থ এবার তাঁর সঙ্গে ক্লাবেও খেলবেন। ২০২৩ পর্যন্ত আগুয়েরোর সঙ্গে চুক্তি করে ফেলল বার্সেলোনা। ম্যান সিটির সঙ্গে দীর্ঘ ১০ বছরের সম্পর্ক ছিন্ন করে কাতালান ক্লাবে সই করে ফেললেন আর্জেন্টাইন স্ট্রাইকার। বার্সা টুইট করে তাঁর আগমনী বার্তা জানিয়ে দিয়েছে সোমবার। আগুয়েরোর মেডিক্যাল পরীক্ষা হয়ে গিয়েছে। আগামিকাল তিনি সরকারি ভাবে বার্সার ফুটবলার হবেন। আগুয়েরোকে পাওয়ার জন্য বার্সাকে বাইআউট ক্লজ বাবদ ১০০ মিলিয় ইউরো। গত শনিবার রাতে আগুয়েরোর শেষ ম্যাচ খেলেছেন ম্যান সিটি-র হয়ে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে। ট্র্যাজিক বিদায়ের সাক্ষী থাকতে হয়েছে তাঁকে। পরিবর্ত খেলোয়াড় হিসাবে মাঠে নেমেছিলেন আগুয়েরো। কিন্তু তাঁর দল চেলসির কাছে ১-০ হেরেই লিগ খেতাব হাতছাড়া কওে। তাঁর সাম্প্রতিক পারফরম্যান্স ধাক্কা খেয়েছিল চোট-আঘাত ও করোনার কারণে। এখন দেখার মেসির সঙ্গে বার্সায় কী ফুল ফোটাতে পারেন আগুয়েরো!

## সবুজ মেরুন জালে অমরিন্দর সিং

করোনা আবহে দেশের অধিকাংশ ফুটবল টুর্নামেন্ট বন্ধ। গতবার গোয়ার মাটিতে বায়ো বাবল রক্ষা করেই হয়েছিল আইএসএল। এবারও দেশের সেরা টুর্নামেন্ট কোনও একটি জায়গায় করতে হবে। গোয়ায় নাকি কলকাতায়, এখনও নিশ্চিত নয়। তবে কলকাতায় করার ব্যাপারে ভাবনাচিন্তা যে চলছে সেটা ঠিক।

ইস্টবেঙ্গল ইনভেস্টর সমস্যা নিয়ে জর্জরিত। ভবিষ্যৎ কী এখনও ঠিক বোঝার উপায় নেই। সমর্থকদের দীর্ঘশ্বাস বাড়ছে। তবে চুপ করে বসে নেই এটিকে মোহনবাগান। গতবার ফাইনালে হারের পর এবার নতুন লক্ষ্যে ঝাঁপিয়ে পড়তে চায় সবুজ মেরুন ব্রিগেড। তারই অন্যতম পদক্ষেপ নেওয়া হল সোমবার। পাঁচ বছরের দীর্ঘ মেয়াদি চুক্তি করে এটিকে মোহনবাগানে এলেন অমরিন্দর সিং।

## সুস্থ হয়ে বাড়ি ফিরলেন মিলখা

জীবন যুদ্ধে সহজে হার মানতে শেখেননি। বয়স হয়ে গেলেও সেই মানসিকতা যেন বজায় রয়েছে মিলখা সিংয়ের। অদম্য প্রাণশক্তি আর মনের জোর সম্বল এই বয়সেও।হাসপাতাল থেকে ছাড়া পেলেন মিলখা সিং। রবিবার বাড়ি ফিরলেন তিনি। কিছু দিন আগে করোনা আক্রান্ত হয়ে সস্ত্রীক হাসপাতালে ভর্তি হয়েছিলেন প্রাক্তন দৌড়বিদ।

হাসপাতালের তরফে জানানো হয়েছে যে, পরিবারের অনুরোধে মিলখাকে ছেড়ে দেওয়া হয়েছে। সুস্থ আছেন তিনি। মিলখা বাড়ি ফিরলেও তাঁর স্ত্রী নির্মল মিলখা সিংহকে আইসিইউ-তে ভর্তি করা হয়েছে। তাঁর শরীরে অক্সিজেনের পরিমাণ কমতে শুরু করে বলে জানা গিয়েছে। তবে আপাতত তাঁর অবস্থা স্থিতিশীল বলে জানিয়েছেন চিকিৎসকরা।

# কোপা আমেরিকা হবে সাম্বার দেশে




**সাওপাওলো:** দক্ষিণ আমেরিকা -র বৃহত্তম ফুটবল টুর্নামেন্ট দ্য কোপা আমেরিকা। সোমবার আর্জেন্টিনার কাছ থেকে চলে গেল ব্রাজিলের কাছে। গত বছর কোপা হওয়ার কথা থাকলেও করোনা ভাইরাস সংক্রমণের কারণে তা একবছর পিছিয়ে যায়। এদিকে আর্জেন্টিনায় বর্তমানে অতিমারি ভয়ঙ্কর আকার ধারণ করায় একদিন আগেই তারা জানিয়ে দিয়েছিল এবারের টুর্নামেন্ট তারা আয়োজন করতে চায় না। এমত অবস্থায় আয়োজক CONMEBOL সোমবার তৎপরতার সঙ্গে বদল ভ্যেনুর সন্ধানে বৈঠকে বসে। ১৩ জুন ছেকে ১০ জুলাই অবধি ছিল সূচি। তবে পরিবর্ত ভ্যেনু ও ক্রীড়াসূচি দুই নিয়েই নতুন ক্রীড়াসূচি প্রকাশ করবে CONMEBOL। ২০১৯ সালেও কোপা আয়োজন করেছিল ব্রাজিলই। সারা পৃথিবীর যে দেশগুলি করোনা অতিমারিতে সবচেয়ে খারাপভাবে বিধ্বস্ত তারমধ্যে ব্রাজিল অন্যতম। এখনও পর্যন্ত সারা পৃথিবীতে করোনার মৃত্যুর নিরিখে তাদের দেশে মৃতের সংখ্যা বিশ্বে দ্বিতীয়। সেখানে এখনও অবঝি ৪ লক্ষ ৬০ হাজারের বেশি মানুষ মারা গেছেন। আর মোট করোনা কেসের সংখ্যা ১৬.৫ মিলিয়ন। আর্জেন্টিনায় আয়োজিত হতে চলা ২০২১ -র কোপা আমেরিকা ফুটবল টুর্নামেন্ট স্থগিত হয়ে গেল। বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত নিয়েছে কোপা আয়োজকরা। CONMEBOLপক্ষ থেকে জারি করা বিবৃতি অনুযায়ি যেহেতু দেশে কোভিড ১৯ -এ পরিস্থিতিতে বৃদ্ধি একেবারে রেকর্ড পরিমাণে হয়েছে। দক্ষিণ আমেরিকান ফুটবল সংস্থা গত সপ্তাহে কলম্বিয়াকে আয়োজকের তালিকা থেকে বাদ দিয়েছে। কারণ সেখানে অসহিষ্ণুতার আবহ চরমে। তারা জানিয়েছে কোপা আয়োজন করার জন্য অন্য কোনও দেশের নাম ভাবনা চিন্তা করা হচ্ছে। গভর্নিং বডি টুইট করে জানিয়েছেন, " CONMEBOL বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে জানাচ্ছে এই মুহূর্তে আর্জেন্টিনায় কোপা আমেরিকা আয়োজন স্থগিত রাখা হয়েছে। " তারা আরও জানিয়েছেন. "CONMEBOL খতিয়ে দেখছে যারা আর্জেন্টিনার সঙ্গে যুগ্ম আয়োজক হিসেবে কোপা আয়োজনের জন্য আবেদন করেছে। " আসলে কোপা আমেরিকা নির্ধারিত সূচি অনুযায়ি ২০২০ তে আয়োজন হওয়ার কথা ছিল। তবে করোনা ভাইরাস অতিমারির কারণে তা ১২ মাসের জন্য পিছিয়ে দেওয়া হয়। এবার এই টুর্নামেন্টে কী পদক্ষেপ নেওয়া হবে তা নিয়ে সোমবার বৈঠকে বসবেন আধিকারিকরা। শুক্রবার একটি ভোটিং হয়েছিল, যেখানে বেশি সংখ্যক আর্জেন্তিনীয়রা করোনা পরিস্থিতিতে দেশে টুর্নামেন্ট আয়োজন করার বিপক্ষে মত দিয়েছেন। নির্ধারিত সূচি মেনে কোপা আমেরিকা আর ২ সপ্তাহ বাদে শুরু হওয়ার কথা ছিল। প্রতি দিনের সংক্রমণে রেকর্ড বৃদ্ধির ফলে এই মুহূর্তে আর্জেন্টিনায় ৯ দিনের লকডাউন চলছে। আর্জেন্তাইন প্রশাসন আশা করছে যে লকডাউন ২২ মে শুরু হয়েছে তার দৌলতে করোন সংক্রমণের কার্ভ ফ্ল্যাট হয়ে যাবে কোপা আমেরিকার আগেই। আর্জেন্টিনা কড়া নিয়মবিধি পালনের আশ্বাস দিয়েছিল CONMEBOL কে যার জন্য অতিরিক্ত স্টেডিয়াম টুর্নামেন্টের জন্য প্রস্তুত রাখতে হয়েছিল। CONMEBOL মে মাসের ২০ তারিখে কলম্বিয়ার আবেদন খারিজ কওে দেয়। নির্ধারিত সূচি অনুযায়ি ১৩ জুন থেকে ১০ জুলাই অবধি লাতিন আমেরিকা সেরার এই টুর্নামেন্ট আয়োজন হওয়ার কথা। কিন্তু কোভিড ১৯ কেসে অত্যন্ত বৃদ্ধির জন্য কলম্বিয়াতে সামাজিক অস্থিরতা তৈরি হয়েছে , চলছে প্রতিবাদ আন্দোলনও। কলম্বিয়া আয়োজকের তালিকা থেকে বাদ দেওয়ার পর একমাত্র আয়োজক দাঁড়ায় আর্জেন্টিনা। তবে সাম্প্রতিক পোলে আর্জেন্টাইনদের পক্ষ থেকে ৭০ শতাংশ মানুষ দেশে কোপা আয়োজন হোক চাইছেন না। মাত্র ২০ শতাংশ মানুষ চাইছেন আর্জেন্টিনায় আয়োজন হোক ,আর ১০ শতাংশ মানুষ কিছু মন্তব্য করেননি।

# পরিবার নিয়ে যেতে পারবেন ভারতীয় ক্রিকেটাররা



**মুম্বই:** কয়েকদিন ধরেই দুশ্চিন্তা চলছিল. যে ইংল্যান্ড সফলে ভারতীয় ক্রিকেট দলের সঙ্গে ক্রিকেটারদের স্ত্রী ও পরিবাররা যেতে পারবেন কিনা। অবশেষে মঙ্গলবার এল সুখবর। যেখানে জানানো হয়েছে ভারতীয় ক্রিকেট দলের সদস্যদের সঙ্গে যেতে পারবে তাঁদের পরিবার। অর্থাৎ লম্বা ইংল্যান্ড সফরে বিরাট কোহলির সঙ্গে যাবেন অনুষ্কা শর্মা। ইউকে গর্ভনমেন্টের পক্ষ থেকে ভারতীয় দলের পরিবার সহ ইংল্যান্ড সফরের ছাড়পত্র পাওয়া গেছে। আসলে করোনা ভাইরাস অতিমারি পরিস্থিতি অত্যন্ত বেহাল। সমস্ত দেশ নিজের নিজের মতো করে এই মারণ ভাইরাসের বিরুদ্ধে লড়াই করছে। বিরাট কোহলির নেতৃত্বাধীন ভারতীয় ক্রিকেট দল প্রায় চার মাসের জন্য ইংল্যান্ড সফরে যাচ্ছে। এখানেই হবে এবারের প্রথম টেস্ট বিশ্ব চ্যাম্পিয়নশিপের ফাইনাল। তারপর সেখানে হবে ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট, তিনটি একদিনের ম্যাচ, আর ৩ টি টিয়োন্টি ম্যাচ। বিলেতে বিরাটের সঙ্গে যাচ্ছেন অনুষ্কা ও তাঁদের সদ্যোজাত কন্যাসন্তান ভামিকা চাটার্ড ফ্লাইটে মহিলা ও পুরুষ ক্রিকেট দল ইংস্যান্ডে যাবে। লন্ডনে তারা যাবে ৩ জুন। সাদাম্পটনে হবে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল। এদিকে এর আগে বিরাট কোহলি এই মুহূর্তে কোয়ারেন্টাইনে মুম্বইতে। এরপর ভারত ইংল্যান্ড যাবে সেখানে তারা নিউজিল্যান্ডের বিরুদ্ধে ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল খেলবে। এছাড়াও তারা এরপর ইংল্যান্ডের বিরুদ্ধে ৬ টি টেস্টের সিরিজ খেলবে। ঐতিহাসিক টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল শুরু হবে জুনের ১৮ তারিখ। কোহলি শনিবার নিজের ফ্যানদের জন্য একটি প্রশ্নোত্তর সেশন করেন।

# উত্তেজনায় ফুটছেন জেমস অ্যান্ডারসন

লন্ডন: ইংল্যান্ডের তো বটেই, শেষ কয়েক বছরে বিশ্ব ক্রিকেটের সেরা টেস্ট ফাস্ট বোলার তাঁকেই ধরা হয়। ঠান্ডা মাথা, নিখুঁত লাইন, লেন্থ তো আছেই। সামনে থেকে বল হাতে নেতৃত্ব দেওয়ার ক্ষমতা তাঁর অসাধারণ। জেমস অ্যান্ডারসন এখনও ইংল্যান্ড টেস্ট দলের অন্যতম সেরা সম্পদ। নিজের দিনে বল হাতে ম্যাচের রঙ বদলে দিতে পারেন। আগামী জুলাইয়ে ৩৯-এ পা দেবেন তিনি। কিন্তু বয়সের ভার তাঁকে এতটুকু নুইয়ে দেয়নি। বরং নতুন উত্তেজনায় ফুটছেন জেমস অ্যান্ডারসন।

ইংল্যান্ডের জোরে বোলার চাইছেন ঘরের মাঠে পরের সাতটি টেস্টেই খেলতে। সাম্প্রতিককালে ইংল্যান্ড ঘুরিয়ে-ফিরিয়ে খেলানোর নীতি চালু করেছে। ফলে অ্যান্ডারসন কোনও সিরিজের প্রতি ম্যাচে খেলার সুযোগ পান না। তিনি না খেললে সেই জায়গা নেন স্টুয়ার্ট ব্রড। তবে গত বছরের শুরুতে ভারতের বিরুদ্ধে একটি ম্যাচে দু'জনকেই একসঙ্গে খেলতে দেখা গিয়েছিল।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপন পণ্ডিত কতৃক ডাউয়াগুড়ি, কলের পার, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১৫৬ থেকে প্রকাশিত এবং 'জনবার্তা' প্রিন্টিং প্রেস, দক্ষিণ খাগরবাড়ী, জেলাঃ কোচবিহার, পশ্চিমবঙ্গ, ডাক সূচক- ৭৩৬১০১ থেকে মুদ্রিত।
● সম্পাদকঃ সন্দীপন পণ্ডিত ● Printed, Published and Owned by Sandipan Pandit and Printed at 'Janabarta' Printing Press, Dakshin Khagarbari, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code: 736101 and Published at Dawaguri, Kolerpar, Dist.: Cooch Behar, West Bengal, PIN Code – 736156● Editor: Sandipan Pandit, Tele-Fax : 0353-2431015 Website : www.purbottar.in, e-mail : contact@purbottar.in RNI No.: 71057/96